بِسْمِ اللهِ الرَّحْمٰنِ الرَّحِيْمِ

# ইসলামিক বাংলাদেশ

# আল-ফিহরাস্


| ক্রম | উনওয়ান | | পৃষ্ঠা |
|---|---|---|---|
| ০১. | আল্লাহর পৃথিবীতে আমরা প্রতিনিধি (আল্লাহ কর্তৃক আদেশ) | ..... | ০১ |
| ০২. | ইসলামিক অর্থনীতি | ..... | ০২ |
| ০৩. | ইসলামিক নিয়মে ও গণতান্ত্রিক নিয়মে পরিচালনা পদ্ধতি (পার্থক্যসমূহ) | ..... | ০৮ |
| ০৪. | আল-কোরআনের ভিত্তিতে ইসলামিক আমিরাত গঠনের রূপরেখা | ..... | ২১ |
| ০৫. | ইসলামিক রাষ্ট্রের সামরিক কাঠামো | ..... | ৪৩ |
| ০৬. | ইসলামিক সরকারের মন্ত্রণালয়সমূহের কার্যক্রম | ..... | ৪৫ |
| ০৭. | ইসলামিক সরকার কর্তৃক প্রাথমিক নির্দেশনাসমূহ (ইসলামিক রাষ্ট্র পুনরুদ্ধার) | ..... | ৫২ |
| ০৮. | রূপরেখা মোতাবেক ইসলামিক আমিরাত (কাল্পনিক) | ..... | ৬০ |

# আল্লাহর পৃথিবীতে আমরা প্রতিনিধি

**আল্লাহ্** আমাদেরকে পৃথিবীতে প্রতিনিধি হিসাবে পাঠিয়েছেন এবং আমাদেরকে কিছু কাজ দিয়েছেন। এই কাজ সম্পর্কে জিজ্ঞাসাবাদ করার জন্য, তিনি আমাদেরকে আবার জীবিত করবেন, যা আমরা সূরা বাকারার ৩০ নং ও আল আন'আমের ১৬৫ নং আয়াতের মাধ্যমে জানতে পারি। তাহলে আমাদেরকে এখন জানতে হবে, প্রতিনিধি কাকে বলে ও তাঁর কাজ কী। যে ব্যক্তি অন্য কোনো উচ্চতর কর্তৃপক্ষের হয়ে তাঁর আইন ও ক্ষমতা প্রয়োগ করেন, তাঁকে প্রতিনিধি বলে। যেমন, আমাদের দেশের জেলা প্রশাসক (ডিসি)গণ সরকারের প্রতিনিধি, তাঁরা সরকারের ক্ষমতা প্রয়োগ করে থাকেন ও সরকারের হয়ে কাজ করেন। আপনি সরকারের আইনের বাইরে কাজ করলে জেলা প্রশাসক আপনাকে বন্দি করে সরকারের আইন অনুসারে শাস্তি প্রদান করবে—একেই প্রতিনিধিত্ব বলে। জেলা প্রশাসক যদি তাঁর কাজ ঠিকমতো না করেন, তাহলে সরকার তাঁকে শাস্তি দেবে বা চাকরিচ্যুত করবে।

আল্লাহর প্রতিনিধি হতে হলে প্রথমে কালিমার মাধ্যমে আল্লাহর প্রতি ঈমান আনতে হবে। যারা তাঁর প্রতি ঈমান আনবে না, তারা ইবলিশের প্রতিনিধি। আল্লাহর প্রতি ঈমান আনার পর আল্লাহর পক্ষ থেকে পর্যায়ক্রমে পাঁচটি কাজ পালন করা ফরজ হয়ে যায়। যথা: নামাজ, রোজা, হজ, যাকাত ও জিহাদ। এর পাশাপাশি আল্লাহ কিছু আদেশ ও নিষেধ করেছেন। এই সকল আদেশ ও নিষেধ যাতে জনগণ সঠিকভাবে পালন করে, তার জন্য আল্লাহ তাঁর প্রতিনিধিকে কিছু ক্ষমতা ও নির্দেশনা দিয়েছেন, যাতে তাঁরা আল্লাহর আদেশ ও নিষেধ বাস্তবায়ন করতে পারে এবং যারা আল্লাহর আদেশ ও নিষেধ মানবে না তাদেরকে শাস্তি দিতে পারে। তাহলে আমরা দেখবো আল্লাহ তাঁর প্রতিনিধিকে কী কী কাজ দিয়েছেন ও শাস্তি দেওয়ার জন্য কী কী ক্ষমতা দিয়েছেন।

**আল্লাহর প্রতিনিধির কাজ ও ক্ষমতা:**

**১. নামাজ:** সকল মুসলমান যাতে সঠিক সময়ে নামাজ আদায় করতে পারে তা নিশ্চিত করা। দুনিয়ার ব্যস্ততা যাতে তাঁদেরকে আল্লাহ স্মরণ থেকে দূরে রাখতে না পারে, তার জন্য ব্যবস্থা গ্রহণ করা। (আল-বাকারা:১১০, মাঊন:৫)

**২. যাকাত:** যাদের নিকট প্রয়োজন অতিরিক্ত সম্পদ জমা আছে (নিসাব পরিমাণ), তাদের থেকে অর্থ নিয়ে ফকির, মিসকিন, যাকাত আদায়কারী, চিত্তাকর্ষণকারী, দাস-মুক্তি, ঋণগ্রস্ত, আল্লাহর পথে জিহাদকারী এবং মুসাফিরদের দেওয়া। (আল-বাকারা: ১১০)

**৩. রোজা:** দুনিয়ার কষ্ট বা ব্যস্ততার কারণে যাতে অভাবগ্রস্তরা রোজা পালন থেকে দূরে না থাকে, তার জন্য যাকাত থেকে অর্থ দিয়ে সাহায্য করা। (আল-বাকারা:১৮৩, আয-যারিয়াত:১৯)

**৪. হজ:** যাকাত প্রদান করার পরেও কারো নিকট যদি বাইতুল্লাহ তাওয়াফ করার সামর্থ্য থাকে, তাঁকে বাইতুল্লাহ পর্যন্ত পৌঁছানোর জন্য সাহায্য করা। (আল-ইমরান:৯৭)

**৫. জিহাদ:** উপরোক্ত চারটি কাজ ও আল্লাহর হালাল-হারাম (সুদের আদান-প্রদান বন্ধ, অন্যায়ভাবে কাউকে হত্যা করা, ব্যভিচার ও অশ্লীল কাজ, এতিমের সম্পদ আত্মসাৎ করা, মদ ও নেশাজাতীয় দ্রব্য সেবন, জুয়া খেলা এবং ভাগ্য নির্ণায়ক তীর ব্যবহার, ওজনে কম-বেশি করে ঠকানো, শাতিমে রাসূলের মৃত্যুদণ্ড) বাস্তবায়ন ও শাস্তি প্রদান করতে গেলে কেউ যদি বাধা প্রদান করে, তাহলে তার সাথে আল্লাহর প্রতিনিধিদের যুদ্ধ করা ফরজ। (আল-আনফাল:৩৯, আল-বাকারা:১৯৩,২৭৫,২৭৯)

বর্তমান সরকারের প্রতিনিধিগণ (বিচারক, সেনাবাহিনী, পুলিশ ও সরকারি কর্মচারীরা) যেভাবে সরকারের আদেশ-নিষেধ ও শাস্তি বাস্তবায়ন করছেন, ঠিক সেভাবেই আল্লাহর প্রতিনিধিদেরও আল্লাহর আদেশ-নিষেধ ও শাস্তি বাস্তবায়ন করতে হবে। যেহেতু বর্তমান সরকার আল্লাহর প্রতিনিধিত্ব করছে না, সেহেতু আল্লাহর প্রতিনিধির জন্য একটি রাষ্ট্রব্যবস্থার প্রয়োজন, কারণ রাষ্ট্রব্যবস্থা ব্যতিরেকে প্রতিনিধিত্ব করা যায় না, অর্থাৎ ওপরের পাঁচটি ফরজ কাজ বাস্তবায়ন করা যায় না।

# ইসলামিক অর্থনীতি

**ইসলামিক** অর্থনীতির মূল কাজ হলো সমাজে ইনসাফ বজায় রেখে অর্থের প্রবাহ ঠিক রাখা।

**ইসলামিক রাষ্ট্রের জনগণ যে সকল সুবিধা পাবে:**

ক. ইসলামিক সরকার কিছু খাত থেকে কোনো ফি (খাজনা) নেবে না। বর্তমান সরকার খাজনা বা কর নাম দিয়ে বিপুল পরিমাণ অর্থ লুট করছে, সেই খাতগুলো হলো: শিক্ষা খাতে রেজিস্ট্রেশন, গাড়ি নিবন্ধন, সম্পদ হস্তান্তর, বিবাহ নিবন্ধন, লাইসেন্স এবং পারমিট। এই সকল খাজনা বা করের কারণে জনগণ দিন দিন গরিব হচ্ছে।

খ. ইসলামিক সরকার হাট-বাজার থেকে খাজনা তোলা বন্ধ করে দেবে। আপনি বাড়ি থেকে নারকেল, সুপারি, হাঁস, মুরগি বিক্রয় করার জন্য হাটে নিয়ে গেলে, তা বিক্রয় করার পরে বর্তমান সরকারের ইজারাদার আপনার থেকে খাজনা আদায় করে। অভাবের কারণে আপনি এই সকল পণ্য বিক্রয় করছেন। এই সকল পণ্য থেকে খাজনা আদায় করা কি ঠিক?

গ. ইসলামিক সরকার বসত বাড়ি/ জমির উপর খাজনা বন্ধ করে দিবে। বর্তমান সরকার বসত বাড়ি/ জমির ওপর খাজনা আদায় করে। আল্লাহর জমি আপনি মালিক সরকারকে কেন খাজনা দিতে হবে। ধরুন বন্যার কারণে আপনার জমিতে ফসল হন নাই, কিন্তু আপনাকে জমির খাজনা দিতে হবে। তাও আবার দেরি করে দিলে খাজনার উপর সুদ দিতে হয়। কাফেররা মুসলিম দেশে বসবাস করলে কর দিতে হয়, আমরা কি কাফের যে সরকারকে কর দেব?

ঘ. ইসলামিক সরকার গাড়ির ইনস্যুরেন্স এবং মামলা বন্ধ করে দেবে। বর্তমান সরকার গাড়ির ইনস্যুরেন্স ও মামলা দিয়ে বিপুল অর্থ লুট করছে, এতে করে আমাদের জনগণ দিন দিন গরিব হচ্ছে।

ঙ. ইসলামিক সরকার মোবাইল কল, বিদ্যুৎ বিল, পানি বিল, গ্যাস বিল থেকে কোনো প্রকার ভ্যাট কর্তন করবে না। আপনি মিটারে ৫০০ টাকা প্রবেশ করালে, বর্তমান সরকার বিভিন্ন খাত দেখিয়ে ১৫০ টাকা কেটে নেয়, বাকি ৩৫০ টাকা মিটারে প্রবেশ করে। ইসলামিক সরকার আপনার ৫০০ টাকা সম্পূর্ণই মিটারে প্রবেশ করাবে।

চ. ইসলামিক সরকার সকল প্রকার মূল্য সংযোজন কর (VAT) বন্ধ করে দেবে। বর্তমান সরকার কর (VAT) বসিয়ে জনগণের সম্পদ লুট করছে। যেমন: আপনি মোবাইলে ১০০ টাকা রিচার্জ করলে কার্যত মাত্র ৪৩ টাকা ৭০ পয়সা ব্যবহার করতে পারবেন। এ থেকে বুঝতে পারছেন, বর্তমান সরকার কী পরিমাণ অর্থ লুট করছে।

ছ. ইসলামিক সরকার সকল প্রকার আয়কর কর্তন বন্ধ করে দেবে। বর্তমান সরকার আয়কর এবং বেসরকারি প্রতিষ্ঠানের আয়ের ওপর সরাসরি কর ধার্য করে। আমাদের রক্তমিশ্রিত অর্থ থেকে সরকার কী পরিমাণ অর্থ লুট করছে, তা আপনি চিন্তাও করতে পারবেন না। যেমন: আপনি প্রতি মাসে এক লক্ষ টাকা আয় করেন। তাহলে সরকারকে ৫,৬২৫/- আয়কর দিতে হবে। এরপর আপনি বিদ্যুৎ বিল দিতে গেলে সেখানে কর (VAT), প্যাকেটজাত পণ্য কিনতে গেলে সেখানে কর (VAT)। এইভাবে আপনার থেকে মাসে ৩০ থেকে ৪০ হাজার টাকা কর কেটে নেওয়া হয়।

জ. ইসলামিক সরকার জেলেদেরকে নদীতে ১২ মাস মাছ ধরতে দেবে। আমাদের দেশ নদীমাতৃক দেশ। আমরা মাছ ধরব আর খাব–এইটাই আমাদের সামাজিক নীতি। কিন্তু বর্তমানে ভারতে মাছ পাচার করার জন্য নদীতে মাছ ধরা নিষেধ করা হয়।

ঝ. ইসলামিক সরকার সকল মসজিদে ও মাদ্রাসাতে বিনামূল্যে বিদ্যুৎ দেবে এবং ইমাম ও মুয়াজ্জিনগণ সরকারি ভাবে বেতন পাবেন। ইমাম ও মুয়াজ্জিনগণ ইসলামিক সরকারের নিকট সম্মানিত।

ঞ. ইসলামিক সরকারের নিকট প্রবাসীরা অনেক সম্মানিত। যে সকল প্রবাসী বিদেশে অসুস্থ হয়ে দেশে আসবেন, তাঁদের জন্য ইসলামিক সরকার চিকিৎসা সম্পূর্ণ বিনামূল্যে (ফ্রি) করে দেবে। ইসলামিক সরকার প্রবাসীদের কথা শুনেছে যে, তাঁরা বিদেশে চিকিৎসককে বুঝিয়ে নিজের অসুস্থতার কথা বলতে পারে না। এই জন্য তাঁদেরকে দেশে আসতে হয়।

ট. ইসলামিক সরকার সকল চালকের ঘুম নিশ্চিত করার জন্য মহাসড়কের পাশে টার্মিনাল ও মুসাফিরখানা তৈরি করে দিবে, যাতে সড়কে দুর্ঘটনা কমে যায়। মুসাফিরখানা কারণে তাঁদেরকে নামাজের আওতায় আনাও সহজ হবে।

ঠ. ইসলামিক সরকার গ্রুপ কোম্পানির ব্যবসায় সীমাবদ্ধতা আনবে। বর্তমানে গ্রুপ কোম্পানিগুলো বেশি ঋণখেলাপি, তাদেরই কারণে ছোট ব্যবসায়ীরা লোকসানে আছে এবং যুবকরাও নতুন ব্যবসার সুযোগ পাচ্ছে না।

ড. ইসলামি সরকার 'করজে হাসানা' প্রথা চালু করবে। দেশের মধ্যে ইনস্যুরেন্স কোম্পানি, ক্ষুদ্রঋণ কোম্পানি, এনজিও, এমএলএম কোম্পানি ও সমবায় কোম্পানি বন্ধ করে দেওয়া হবে। তারা জনগণকে ঋণ দিয়ে গোলাম বানিয়ে সম্পদ লুণ্ঠন করে। এদের কারণে গরিব দিন দিন গরিব হচ্ছে।

ঢ. ইসলামি সরকার প্রতি চল্লিশ (৪০) কি: মি: সড়ক ১ বছরের মধ্যে পুনর্নির্মাণ করবে। বর্তমানে দেশে চল্লিশ (৪০) কি: মি: সড়ক করতে সময় লাগে ২ থেকে ৩ বছর। এই দীর্ঘ সময়ের কারণে জনগণ ও যানবাহন ক্ষতির সম্মুখীন হয়। এদের সীমাহীন দুর্নীতির কথা আর নাই বললাম।

ণ. ইসলামি সরকার এক (১) বছরের মধ্যে সকল জমির মামলা নিষ্পত্তি করবে। বর্তমান বিচার ব্যবস্থায় আপনি বছরের পর বছর ধরে মামলা চালান অথচ কোনো ফলাফল পান না। তার ওপর উকিলকে অর্থ দিতে দিতে আপনার সম্পদ তলানিতে চলে যায়। শেষে দেখা যায় আপনার সময় ও অর্থ দুটিই বৃথা যায়।

ত. ইসলামি সরকার সকল নদী-খাল পরিষ্কার করবে, শুধু সেন্টমার্টিন বা সাদা পাথর নয়। বর্তমানে দেশে কোম্পানিদের ছোট প্যাকেটে নদী-খাল ভরে গেছে। যার ফলে মাছ উৎপাদন কমে গেছে।

ম. ইসলামি সরকার সকল পুরুষের জন্য ব্যবসা বা চাকরি নিশ্চিত করবে। বর্তমানে দেশে অনেক বেকার আছে যার প্রকৃত সংখ্যা উল্লেখ করা হয় না।

**ইসলামিক রাষ্ট্রের জনগণ সামাজিক যে সকল সুবিধা পাবে:**

ক. ইসলামি সরকার জন্মনিবন্ধন পদ্ধতি বাদ দিয়ে দেবে। যারা বাংলাদেশে জন্মগ্রহণ করবে তাদের কোনো জন্মনিবন্ধনের প্রয়োজন নেই। জাতীয় পরিচয়পত্র হলেই যথেষ্ট।

খ. ইসলামি সরকার বিনামূল্যে (ফ্রি) সকল শিশুকে প্রাথমিক শিক্ষা প্রদান করবে। সকল শিশুর জন্য প্রাথমিক শিক্ষা বাধ্যতামূলক হবে।

গ. ইসলামি সরকার সকল গার্মেন্টস কর্মী, কারখানা কর্মী ও দিনমজুরের জন্য পাঁচ (৫) ওয়াক্ত নামাজের ব্যবস্থা করবে, যাতে তারা ইবাদত ও বিশ্রাম নিতে পারে।

ঘ. ইসলামি সরকার আহলে জিম্মাহদের জন্য পৃথক শিক্ষাপ্রতিষ্ঠান করে দেবে, যা তাদের ধর্মীয় নীতি অনুসারে পরিচালিত হবে।

ঙ. ইসলামি সরকার অন্যায়ভাবে হত্যাকারীর মৃত্যুদণ্ড এক (১) বছরের মধ্যে কার্যকর করবে। আল্লাহর নির্দেশে এই শাস্তি, কারো ব্যক্তিগত নীতি নয়।

চ. ইসলামি সরকার বসতবাড়িতে বর্জ্য ব্যবস্থাপনার জন্য প্রাথমিক সকল শিক্ষার্থীকে প্রশিক্ষণের মাধ্যমে শিক্ষা প্রদান করবে। বর্তমান সময়ে স্কুলে নাচ-গান শেখানো হলে অথচ বর্জ্য ব্যবস্থাপনা শেখানো হয় না।

ছ. ইসলামিক সরকার বস্তুহারাদের জন্য জমির ব্যবস্থা করে দেবে। গণতান্ত্রিক সরকার বস্তুহারাদের জমি না দিয়ে, নিজের জন্য অনেক জমি বরাদ্দ করে। যে সরকার জনগণকে জমি দিতে পারে না, সেই সরকার কীভাবে গণতান্ত্রিক সরকার হয়?

জ. যারা প্রতি মাসে দেশে রেমিটেন্স পাঠান, ইসলামিক সরকার তাদের বিমান ভাড়া থেকে কোনো প্রকার কর নেবে না। আমাদের প্রবাসী ভাইয়েরা অনেক কষ্ট করে দেশে রেমিটেন্স পাঠায়। আর সরকারের মন্ত্রীরা কাগজের নোট ছাপিয়ে আমাদের দেয় এবং বলে খরচ করো। অন্যদিকে, তারা সব রেমিটেন্স বিদেশে তাদের বউ-বাচ্চার কাছে পাঠিয়ে দেয়। এখন দেশের মধ্যে কাগজের টাকা বেশি হয়ে গেছে, তখন গ্রুপ কোম্পানিগুলোকে বলে পণ্যের দাম বাড়িয়ে দিতে। তারা দাম বাড়িয়ে দেওয়ায় কারণে আমরা ১ টাকার পণ্য ৫ টাকা দিয়ে কিনতে হয়।

ঝ. ইসলামিক সরকার বিনামূল্যে রেমিটেন্স যোদ্ধার মৃতদেহ তাদের স্বজনদের নিকট পৌঁছে দেবে। বর্তমানে সবাই বলে প্রবাসীরা আমাদের রেমিটেন্স যোদ্ধা অথচ এই যোদ্ধা যখন প্রবাসে মৃত্যুবরণ করে তখন বর্তমান সরকার তাদের মৃতদেহের কোনো খবর রাখে না।

ঞ. ইসলামিক সরকার বিনামূল্যে পাসপোর্ট প্রদান করবে। যেসব প্রবাসী ভাই সঠিক পথে দেশে রেমিটেন্স পাঠাবেন, তাঁদেরকে বিনামূল্যে (ফ্রি) পাসপোর্ট প্রদান করা হবে।

ট. ইসলামিক সরকার প্রাকৃতিক গ্যাস বোতলজাত করে বিক্রি করবে। বর্তমান সরকার আমাদের প্রাকৃতিক গ্যাস কম দামে গার্মেন্টস খাতে দিয়ে আমেরিকান পণ্যের দাম কমায়। যদিও আমরা রেমিটেন্স পাই, তাতে লাভ কী, সকল রেমিটেন্স আবার মন্ত্রীরা বেগম পাড়ায় পাচার করে। অন্য দিকে, আমাদের নদীসমূহ ধ্বংস হচ্ছে গার্মেন্টসের বর্জ্য দিয়ে। তার ওপর আমাদেরকে বেশি দামে এলপিজি গ্যাস কিনতে হয়।

**ইসলামিক সরকারের রাষ্ট্র পরিচালনার আয়ের উৎসসমূহ:** ইসলামিক সরকার রাষ্ট্র পরিচালনার জন্য অর্থ আয় কীভাবে করবে। বলে রাখি, ইসলামিক সরকার পরিচালনার জন্য বর্তমান সরকারের অর্ধেক (৫০%) অর্থ হলেই যথেষ্ট।

ক. যেই সকল ব্যবসা একক মালিকানাধীন হলে সম্পদ পুঞ্জীভূত হবে, সেই সকল ব্যবসা ইসলামিক সরকার করবে। উক্ত ব্যবসা থেকে অর্জিত অর্থ দিয়ে ইসলামিক সরকার রাষ্ট্র পরিচালনা করবে। যেমন: লোহা, বালু, পাথর, সিমেন্ট, সকল প্রকার তেল, গ্যাস, বিদ্যুৎ, পানি, কল, কেমিক্যাল সহ বিভাজন অযোগ্য ব্যবসা ইসলামিক সরকার করবে।

খ. দেশে ১টি মাত্র সুদবিহীন ব্যাংক থাকবে যা নিয়ন্ত্রণ করবে ইসলামিক সরকার। ব্যাংক থেকে আয়কৃত অর্থ রাষ্ট্র পরিচালনার কাজে ব্যয় করবে।

গ. সেতু ও উন্নয়নের জন্য জনগণের নিকট বিনিয়োগ চাওয়া হবে। ইসলামিক সরকারও বিনিয়োগ করে যে অর্থ আয় করবে তা রাষ্ট্রের জন্য ব্যয় করবে।

ঘ. ইসলামিক সরকারের কেন্দ্রিয় কোষগারকে 'বাইতুল মাল' বলা হয়। ইসলামিক সরকার বাইতুল মাল পূরণের জন্য জনগণের নিকট অনুদান চাইবে।

ঙ. ইসলামিক সরকার ব্যবস্থায় ক্ষুদ্র ব্যবসা নীতির কারণে পণ্য সরবরাহ (সাপ্লাই চেইন) ঠিক রাখার জন্য ইসলামিক সরকার ব্যবসা করবে। পণ্য সরবরাহ থেকে অর্জিত অর্থ রাষ্ট্রের জন্য ব্যয় করবে।

চ. ইসলামিক সরকার বন্দর, বিমান, রেল ও গণপরিবহন সেবা প্রদানের মাধ্যমে অর্থ উপার্জন করে তা রাষ্ট্রের জন্য ব্যয় করবে।

***অর্থনীতির উপর পাঁচটি প্রধান প্রভাব:*** এখন আপনি ঘর বানাতে গেলে লোহা ও সিমেন্ট কিনতে বড় কোম্পানিকে যে টাকা দেন, তার বড় অংশ লাভ হিসেবে মালিকের পকেটে যায়। কিন্তু ইসলামিক সরকারে এই লোহা-সিমেন্ট রাষ্ট্র দেবে। ফলে এই ব্যবসার মুনাফা দিয়ে আপনার এলাকার রাস্তা, স্কুল আর হাসপাতাল তৈরি হবে। আপনার টাকা আপনার কাছেই ফিরে আসবে।

**১. দ্রব্যমূল্যের স্থিতিশীলতা (সাপ্লাই চেইন নিয়ন্ত্রণ):** সরকার যখন নিজেই চাল, ডাল, তেল বা এলপিজি গ্যাসের সাপ্লাই চেইন নিয়ন্ত্রণ করবে, তখন মাঝপথে কেউ পণ্য মজুদ করে দাম বাড়াতে পারবে না। সাধারণ মানুষ সবসময় ন্যায্যমূল্যে পণ্য পাবে।

**২. বেকারত্ব দূরীকরণ ও শিল্পায়ন:** ভারী শিল্প (লোহা, সিমেন্ট, কেমিক্যাল) সরকারি মালিকানায় থাকলে সেখানে বিশাল কর্মসংস্থান তৈরি হবে। ব্যবসার লভ্যাংশ দিয়ে নতুন নতুন কলকারখানা রাষ্ট্র নিজেই তৈরি করবে।

**৩. সুদবিহীন স্বচ্ছ ব্যাংকিং:** দেশে একটি মাত্র ব্যাংক থাকায় হিসাব রাখা সহজ হবে। সুদের বদলে অংশীদারিত্ব বা সার্ভিস চার্জ ভিত্তিক ব্যবস্থা থাকায় মানুষ ঋণের জালে আটকে মরবে না। এতে মুদ্রাস্ফীতি (টাকার মান কমে যাওয়া) নিয়ন্ত্রণে থাকবে।

**৪. সামাজিক নিরাপত্তা (বাইতুল মাল):** বাইতুল মালের মাধ্যমে যাকাত ও অনুদান সংগ্রহ করে সরাসরি অভাবী মানুষের কাছে পৌঁছে দেওয়া হবে। কেউ না খেয়ে থাকবে না এবং এটি হবে ভিক্ষুকমুক্ত দেশ গড়ার মূল হাতিয়ার।

**৫. ট্যাক্স ফ্রি জীবনযাত্রা:** রাষ্ট্র যখন বড় বড় খাত (তেল, গ্যাস, বন্দর) থেকে আয় করবে, তখন জনগণের ওপর ভ্যাট বা ইনকাম ট্যাক্সের চাপ রাখার দরকার হবে না। এতে মানুষের হাতে জমানো টাকা বাড়বে, যা জীবনযাত্রার মান উন্নত করবে।

***সামষ্টিক অর্থনৈতিক মূল্যায়ন:*** "ঋণ-নির্ভরতা থেকে সম্পদ-নির্ভরতা" বর্তমানে বিশ্বের অধিকাংশ দেশ ঋণভিত্তিক অর্থনীতির ওপর দাঁড়িয়ে। বাংলাদেশও এর বাইরে নয়। ইসলামিক মডেলটি এই ধারাকে ভেঙে সম্পদভিত্তিক অর্থনীতিতে রূপান্তর করবে।

**মুদ্রাস্ফীতি নিয়ন্ত্রণ:** যেহেতু একটি মাত্র সুদবিহীন ব্যাংক থাকবে, তাই বাজারে টাকার কৃত্রিম সরবরাহ বন্ধ হবে। এতে টাকার মান স্থিতিশীল থাকবে এবং জিনিসের দাম হুটহাট বাড়বে না।

**দুর্নীতি হ্রাস:** যখন লোহা, বালু, সিমেন্ট এবং তেলের মতো বড় খাতগুলো সরাসরি রাষ্ট্রের অধীনে থাকবে, তখন আমলাতান্ত্রিক জটিলতা এবং বড় বড় বেসরকারি টেন্ডার জালিয়াতির সুযোগ কমে যাবে।

**সামাজিক মনস্তাত্ত্বিক মূল্যায়ন:** "মালিকানাবোধ ও নিরাপত্তা" নতুন মডেলে জনগণের নিকট থেকে বিনিয়োগ চাওয়া এবং বাইতুল মালে অনুদান চাওয়ার বিষয়টি নাগরিক ও সরকারের মধ্যে একটি 'পারস্পরিক আস্থা' তৈরি করবে।

**উদ্যোক্তা তৈরি:** বড় বড় কঠিন ব্যবসাগুলো (যেগুলো বিভাজন অযোগ্য) সরকার নিয়ে নেওয়ায় সাধারণ মানুষ ক্ষুদ্র ও মাঝারি ব্যবসায় বেশি মনোযোগী হতে পারবে। তারা জানবে যে কাঁচামাল (লোহা, কেমিক্যাল, গ্যাস) সরকার সরবরাহ করছে, তাই এখানে বড় কোনো কোম্পানি তাদের ধ্বংস করতে পারবে না।

**মানবিক সমাজ**: বাইতুল মাল শুধু একটি তহবিল নয়, এটি মানুষের মনে এই প্রশান্তি দেবে যে– "আমার বিপদ হলে রাষ্ট্র আছে।" এটি সমাজে অপরাধ প্রবণতা কমিয়ে আনবে।

**ভূ-রাজনৈতিক মূল্যায়ন**: "প্রকৃত সার্বভৌমত্ব" একটি দেশ তখনই পুরোপুরি স্বাধীন হয় যখন তার অর্থনীতির চাবিকাঠি নিজের হাতে থাকে। নতুন প্রস্তাবিত এই মডেলটি বাংলাদেশকে বৈশ্বিক ঋণদাতা সংস্থাগুলোর (যেমন IMF বা World Bank) প্রেসক্রিপশন থেকে মুক্ত করবে।

**স্বনির্ভরতা:** নিজেদের প্রাকৃতিক সম্পদ নিজেরা ব্যবহার করে এবং সেই লভ্যাংশ দিয়ে রাষ্ট্র চালালে বিদেশি শক্তির চাপ কমে যাবে।

**চূড়ান্ত বিশেষণ:** ইসলামিক প্রস্তাবটি কেবল একটি অর্থনৈতিক হিসাব নয়, এটি একটি 'ইনসাফভিত্তিক সমাজ' গঠনের লক্ষ। বর্তমান পুঁজিবাদী ব্যবস্থায় যেখানে ধনী আরও ধনী হয়, সেখানে ইসলামিক এই মডেলে 'সম্পদ' নির্দিষ্ট কয়েকজনের হাতে বন্দি না থেকে পুরো রাষ্ট্রের ধমনিতে রক্তসঞ্চালনের মতো প্রবাহিত হবে। এটি বাস্তবায়ন করা গেলে বাংলাদেশে কোনো অভাবী মানুষ খুঁজে পাওয়া কঠিন হবে।

***বর্তমান বাজেটের চেয়ে কত টাকা বেশি হতে পারে:*** ইসলামিক সরকারের আয়ের উৎসে বর্তমান বাজেটের চেয়ে কয়েকভাবে বেশি অর্থ বা সম্পদ রাষ্ট্রের হাতে আসবে।

১. বিশাল কর-সাশ্রয়: বর্তমানে এনবিআর-এর মাধ্যমে সাধারণ মানুষের পকেট থেকে যে বিশাল কর (৪.৯৯ লাখ কোটি টাকা) নেওয়া হয়, নতুন মডেলে সরকার সরাসরি সম্পদ (তেল, গ্যাস, লোহা) বিক্রি করে সেই আয় করবে। এতে জনগণের হাতে বেশি টাকা থাকবে।

২. সুদ পরিশোধের সাশ্রয়: বর্তমান বাজেটে প্রায় ১,২২,০০০ কোটি টাকা শুধু ঋণের সুদ পরিশোধে ব্যয় হয়। নতুন সুদবিহীন মডেলে এই বিশাল টাকাটা সরাসরি সাশ্রয় হবে।

৩. সিন্ডিকেট লভ্যাংশ: বর্তমানে লোহা, সিমেন্ট বা তেলের ব্যবসার সিংহভাগ মুনাফা বেসরকারি মালিকরা পায় (যা প্রতি বছর কয়েক লক্ষ কোটি টাকা)। এই লভ্যাংশগুলো সরাসরি রাষ্ট্রীয় কোষগারে (বাইতুল মাল) আসবে।

**আনুমানিক আর্থিক প্রভাবের হিসাব**:

নতুন প্রস্তাব অনুযায়ী সকল বিভাজন অযোগ্য ব্যবসা (যেমন লোহা, বালু, পাথর, সিমেন্ট, সকল তেল-গ্যাস) রাষ্ট্র পরিচালনা করলে:

**সরাসরি আয় বৃদ্ধি:** বর্তমানের অ-কর রাজস্ব ৪৬,০০০ কোটি টাকা থেকে বেড়ে অন্তত ৩,৫০,০০০ - ৪,০০,০০০ কোটি টাকা ছাড়িয়ে যেতে পারে।

**সুদ সাশ্রয়:** বছরে ১,২২,০০০ কোটি টাকা বেঁচে যাবে।

**বাইতুল মাল:** যাকাত ও অনুদান ভিত্তিক তহবিলে আনুমানিক ৫০,০০০ - ৮০,০০০ কোটি টাকা জমা হতে পারে।

**রেমিট্যান্স:** প্রবাসী আয় (গার্মেন্টস বাদে) ৩,৭০,০০০ কোটি টাকা। এই টাকা দিয়ে রাষ্ট্র বিদেশ থেকে পণ্য কিনে যদি ১০% মুনাফা করে, তবে মোট লভ্যাংশ দাঁড়ায় ৩৭,০০০ কোটি টাকা।

**মসজিদ ভিত্তিক আয়:** ৩ লক্ষাধিক মসজিদ থেকে বছরে আনুমানিক ১৫,০০০ - ২০,০০০ কোটি টাকা সংগৃহীত হতে পারে। যেহেতু মসজিদ ইসলামিক সরকারের গ্রাম কার্যালয়, তাই মসজিদ ও সামাজিক উন্নয়নের জন্য এই অর্থ ব্যয় করা হবে।

**চূড়ান্ত বিশ্লেষণ ও উদ্‌বৃত্তের হিসাব:** বর্তমানে বাজেটের একটি বড় অংশ (প্রায় ২.৫ - ৩ লক্ষ কোটি টাকা) ঘাটতি থাকে, যা ঋণ নিয়ে পূরণ করতে হয়। কিন্তু প্রস্তাবিত ইসলামিক মডেলে সুদ সাশ্রয় এবং রাষ্ট্রীয় ব্যবসার লভ্যাংশ যোগ হওয়ায় এই বিশাল ঘাটতি পুরোপুরি দূর হবে। সব খরচ মেটানোর পর ইসলামিক হিসাব অনুযায়ী রাষ্ট্রে ১,১৯,০০০ কোটি টাকা উদ্‌বৃত্ত (Surplus) থাকবে। এই উদ্‌বৃত্ত ১,১৯,০০০ কোটি টাকা যদি পুনরায় ১০% মুনাফা-ভিত্তিক বিনিয়োগে খাটানো হয়, তবে রাষ্ট্রের আয় প্রতি বছর জ্যামিতিক হারে বৃদ্ধি পাবে। ফলে সরকারকে কোনো সুদ বা ঋণের বোঝা বইতে হবে না এবং বাজেট হবে স্বয়ংসম্পূর্ণ।

# ইসলামিক নিয়মে ও গণতান্ত্রিক নিয়মে পরিচালনা পদ্ধতি (পার্থক্যসমূহ)

**সভ্যতা** রাষ্ট্র পরিচালনার জন্য একটি সূত্র আছে, যার নাম 'সভ্যতা'। এই সভ্যতাকে ব্যবহার করেই রাষ্ট্র পরিচালনার নীতি নির্ধারণ করা হয়। আমরা এখন দেখব বর্তমানে রাষ্ট্র কীভাবে পরিচালিত হয় এবং পাশাপাশি ইসলামিক নিয়মগুলোও দেখব; যাতে আমরা একটি ইসলামিক রাষ্ট্র ব্যবস্থা সম্পর্কে সম্যক ধারণা লাভ করতে পারি।

**সভ্যতার বারোটি (১২) মৌলিক সূত্র হলো যথাক্রমে:**
১. সরকার ২. বিচার ৩. ব্যবসা-বাণিজ্য ৪. শিক্ষা ৫. বিবাহ ৬. পরিবার ৭. মূল্যবোধ ৮. চিকিৎসা ৯. সংস্কৃতি ১০. যোগাযোগ ১১. লিখন পদ্ধতি এবং ১২. সুস্পষ্ট ধর্মীয় দর্শন।

**সরকার বা শাসক:** সভ্যতার সংবিধানকে বাস্তবে রূপদান করার জন্য যে সুনির্দিষ্ট কর্মপন্থা ও নিয়ম-নীতি অবলম্বন করা হয়, তাকে **শাসনতন্ত্র** বলে। শাসনতন্ত্রের সংবিধান অনুসারে জাতিকে পরিচালনা করার কেন্দ্রকে সরকার বা শাসক বলে। (আন-নিসা: ৫৯)

**সরকার ব্যবস্থার মাধ্যমে জাতিকে পরিচালনা করার পদ্ধতি-**

| বিষয় | ইসলামিক নিয়ম | গণতান্ত্রিক নিয়ম |
|---|---|---|
| ১. প্রার্থী ও যোগ্যতা | ঈমানদার প্রার্থী: ইসলামিক পদ্ধতিতে মুসলিম বিবাহিত পুরুষ যিনি আল্লাহর সব আদেশ-নিষেধ মান্য করে এবং সুন্নত মোতাবেক পরিচালিত হন। যিনি আল-কোরআন ও হাদিসের উপর পরিপূর্ণ জ্ঞান রাখেন, তিনিই জাতির নেতা হওয়ার প্রার্থী হতে পারবেন। সেই সকল প্রার্থীর উপস্থিতিতে ইসলামিক রাষ্ট্রের জন্য মন্ত্রী নির্বাচন করা হয়। ইসলামিক পদ্ধতিতে ব্যক্তির আমল দেখা হয়। | মিশ্র প্রার্থী: গণতান্ত্রিক পদ্ধতিতে মুমিন, মুনাফিক, কাফের, সুদী ব্যবসায়ী, ব্যভিচারী ও জুলুমকারী সহ যে কেউ জাতির নেতা হওয়ার প্রার্থী হতে পারেন। গণতান্ত্রিক পদ্ধতিতে ব্যক্তির আমল দেখা হয় না। এই সকল কারণে বর্তমান সরকার দাজ্জালের অনুসারী। |
| ২. নির্বাচন পদ্ধতি | শুরা পদ্ধতি: ইসলামিক সরকার নির্বাচনের সময় কোনো মুনাফিক ও কাফেরের সমর্থন নেওয়া হয় না। কারণ, মুনাফিক ও কাফের ইবলিশ ও দাজ্জালের অনুসারী, তারা কখনো চায় না পরহেজগার ব্যক্তি সরকার হোক। তাই নির্বাচনের সময় যিনি মুমিনদের কাছে সবচেয়ে পরহেজগার, তিনিই হবেন শুরা সদস্য। সেই সদস্যের মধ্য থেকে সরকার গঠন করা হয়। ইসলামে দল গঠনের মাধ্যমে সরকার নির্বাচন হয় না। | ভোট পদ্ধতি: গণতান্ত্রিক সরকার নির্বাচনের সময় দেশে দুই বা ততোধিক দল থাকতে হবে। যেই দলের সংখ্যা বেশি, সেই দল সরকার গঠন করে। এতে করে সমাজে সংখ্যাগরিষ্ঠ লোক কম সংখ্যককে নির্যাতন করে। যার কারণে সমাজে মানুষ বিভিন্ন দলে বিভক্ত হয়। |
| ৩. সংবিধান | সংবিধান আল-কোরআন: ইসলামিক সরকার দেশ পরিচালনা করে কোরআন ও হাদিস অনুসারে। এখানে আল্লাহ ব্যতীত অন্য কারও কর্তৃত্ব চলে না। মুসলিম জনগণ এই সংবিধান সংরক্ষণ করে। | সংবিধান নিউ ওয়ার্ল্ড অর্ডার: গণতান্ত্রিক সরকার দেশ পরিচালনা করে দাজ্জাল কর্তৃক লিখিত গণতন্ত্রের সংবিধান 'নিউ ওয়ার্ল্ড অর্ডার'-এর মাধ্যমে। জাতিসংঘ বা দাজ্জাল সংঘ এই সংবিধান সংরক্ষণ করে। |

| বিষয় | ইসলামিক নিয়ম | গণতান্ত্রিক নিয়ম |
|---|---|---|
| ৪. আয়ের উৎস | হালাল আয়: ইসলামিক সরকারের নেতারা ক্ষমতা ব্যবহার করে হারাম আয় করে আয়েশি জীবনযাপন করার বা অন্য দেশে থাকার সুযোগ পান না। তাদের আয় হালাল। | হারাম আয়: গণতান্ত্রিক সরকারের নেতারা ক্ষমতা ব্যবহার করে হারাম আয় করেন। আমেরিকাতে নিরাপদে আয়েশি জীবনযাপন করার সুযোগ পায় সেই হারাম ইনকাম দিয়ে। |
| ৫. জনমানসে বিশ্বাস | বিশ্বাস: ইসলামিক শুরা পদ্ধতিতে নির্বাচিত ব্যক্তিগণকে সমাজের সবাই বিশ্বাস করে। কারণ, সমাজে বিশ্বাসী ও পরহেজগার হলে তবেই তিনি শুরা সদস্য হতে পারেন। | অবিশ্বাস: গণতান্ত্রিক ভোট পদ্ধতিতে নির্বাচিত ব্যক্তিগণের অধিকাংশেরই সমাজে দুর্নীতিবাজ ও সন্ত্রাসী হিসেবে পরিচিতি থাকে। |
| ৬. নির্বাচন প্রক্রিয়া | খিলাফত নীতি: দেশে ৫ ধাপে শুরা নির্বাচন হয়: রাষ্ট্রীয় শুরা, বিভাগীয় শুরা, জেলা শুরা, উপজেলা শুরা ও মসজিদ শুরা। ইসলামিক নীতি অনুযায়ী সমাজের প্রধান নেতা মসজিদের ইমাম হবেন। ইসলামিক শুরা নির্বাচন এককালীন হওয়ার কারণে এর ব্যয় খুব কম। | গণতন্ত্রের নীতি: দেশে তিন ধাপে ৫ বছর পর পর ভোট হয়: সংসদ নির্বাচন, উপজেলা নির্বাচন, গ্রাম সরকার নির্বাচন। বেশি নির্বাচন প্রক্রিয়া হওয়ার কারণে দেশের অর্থ বেশি ব্যয় হয়। |
| ৭. ব্যক্তি প্রত্যাহার | পদত্যাগ: নিম্নলিখিত কারণে ব্যক্তি পদত্যাগ করবেন: (১) কোনো ফরজ বিধানকে অমান্য করলে; (২) আমিরুল মুমিনিন নির্দেশ প্রদান করলে; (৩) বয়স বেশি হলে; (৪) শারীরিকভাবে অক্ষম হলে; (৫) পাগল হলে। | অটল থাকা: গণতন্ত্রের সংবিধান অনুযায়ী জনগণ চাইলেও ব্যক্তি পদত্যাগ করেন না বরং বল প্রয়োগ করে সবাইকে নিয়ন্ত্রণ করার চেষ্টা করে। |
| ৮. মূল লক্ষ্য | আল্লাহ: খিলাফতভিত্তিক সরকারের প্রভু আল্লাহ। তারা আল্লাহকে দেখানোর জন্য কাজ করে। | ইবলিশ ও দাজ্জাল: গণতান্ত্রিক সরকারের প্রভু ইবলিশ ও দাজ্জাল। তারা বিদেশীদের অর্থাৎ আমেরিকা, ইউরোপ, জাতিসংঘকে দেখানোর জন্য কাজ করে। |
| ৯. দল বা সংগঠন | কোনো দল নেই: খিলাফত সংবিধান অনুযায়ী ইসলামে কোনো দল নেই। ইসলাম সরাসরি শাসক গঠন করে। আবু বকর (রা.), উমর (রা.), উসমান (রা.) এবং আলী (রা.)— তাঁদের কোনো দল ছিল না। | বহুদলীয়: গণতন্ত্রের সংবিধান অনুযায়ী যত ইচ্ছা দল করতে পারবেন। বেশি দল হওয়ার কারণে সমাজে মতভেদ বেশি। |
| ১০. পরিচালনা ব্যয় | অল্প ব্যয়: এই ব্যবস্থা পরিচালনা করতে বর্তমান সরকারের অর্ধেক অর্থ হলেই হবে। কারণ এখানে বিলাসিতা, সুদ-ঘুষ, দুর্নীতি নেই। সাধারণ জনগণ সম্পদশালী থাকে। | বিপুল ব্যয়: উচ্চ বিলাসিতা দেখিয়ে এই ব্যবস্থা টিকে থাকে। যার কারণে তারা জনগণের উপর কর আরোপ করে এবং বিদেশ থেকে উচ্চ সুদে ঋণ গ্রহণ করে। |
| ১১. ব্যবস্থার উৎস | সৃষ্টিকর্তার তৈরি: এটি কোনো নির্দিষ্ট সময়ের জন্য নয়, বরং সর্বকালের জন্য আধুনিক এবং ত্রুটিমুক্ত 'স্বয়ংক্রিয় ও নিখুঁত ইঞ্জিন'। এর নির্মাতা স্বয়ং বিশ্বজগতের স্রষ্টা, তাই এতে কোনো যান্ত্রিক ত্রুটি বা নকশাগত দুর্বলতা নেই। | মানুষের তৈরি: এটি মানুষের তৈরি পুরাতন পদ্ধতি, যা সংস্কার করে আধুনিক করা যায় না। এটি পুরাতন মডেলের ইঞ্জিনের মতো যা সংস্কার করে চালাতে গিয়ে বারবার দুর্ঘটনার (পিলখানা, উসমান হাদি, জুলাই) কবলে পড়ে। |

| বিষয় | ইসলামিক নিয়ম | গণতান্ত্রিক নিয়ম |
|---|---|---|
| ১২. পরিচালনা পদ্ধতি | মসজিদমুখী: রাষ্ট্রীয় সকল প্রাথমিক কাজ মসজিদের শুরা সদস্যদের মাধ্যমে পরিচালিত হওয়ার কারণে সকলে সহজেই সমস্যার সমাধান পায়, যা আমলাতান্ত্রিক জটিলতা শূন্যের কোঠায় নামিয়ে আনে এবং সকলকে মসজিদমুখী করে। | মসজিদবিমুখ: গণতান্ত্রিক রাষ্ট্রকাঠামো মেম্বার, চেয়ারম্যান, উপজেলা নির্বাহী কর্মকর্তা, জেলা প্রশাসক, বিভাগীয় কমিশনার এবং সচিব বা মন্ত্রী/প্রতিমন্ত্রীদের মাধ্যমে জাতিকে নিয়ন্ত্রণ করে; যা একটি বিশাল আমলাতান্ত্রিক কাঠামোর ওপর নির্ভরশীল। |
| | ইসলামিক রাষ্ট্রের সম্ভাব্য মন্ত্রণালয়সমূহ- (২১) টি | গণতান্ত্রিক রাষ্ট্রের মন্ত্রণালয়সমূহ- (৪৩) টি |
| ১৩. মন্ত্রণালয় সমূহ | ১. শুরা সদস্য নির্বাচন ও পর্যবেক্ষণ বিষয়ক মন্ত্রণালয়<br>২. প্রধান আমিরের কার্যালয়<br>৩. ফরজ ও সুন্নাহ বিষয়ক মন্ত্রণালয়<br>৪. ইসলামিক আইন ও বিচার বিষয়ক মন্ত্রণালয়<br>৫. সৎ কাজের প্রচার ও অসৎ কাজের প্রতিরোধ মন্ত্রণালয়<br>৬. প্রাকৃতিক সম্পদ বিষয়ক মন্ত্রণালয়<br>৭. আধুনিকীকরণ ও বিজ্ঞান বিষয়ক মন্ত্রণালয়<br>৮. খাদ্য উৎপাদন ও ত্রাণ বিষয়ক মন্ত্রণালয়<br>৯. ব্যবসা-বাণিজ্য বিষয়ক মন্ত্রণালয়<br>১০. চিকিৎসা ও ওষুধ বিষয়ক মন্ত্রণালয়<br>১১. অর্থ ও বাইতুল মাল বিষয়ক মন্ত্রণালয়<br>১২. ইসলামিক শিক্ষা বিষয়ক মন্ত্রণালয়<br>১৩. ভূমি ও সম্পদ বণ্টন বিষয়ক মন্ত্রণালয়<br>১৪. যোগাযোগ বিষয়ক মন্ত্রণালয়<br>১৫. শরণার্থী ও পরিবেশ বিষয়ক মন্ত্রণালয়<br>১৬. মসজিদ শুরা ও সমাজ উন্নয়ন বিষয়ক মন্ত্রণালয়<br>১৭. জনপ্রশাসন বিষয়ক মন্ত্রণালয়<br>১৮. সংস্কৃতি ও সম্প্রচার বিষয়ক মন্ত্রণালয়<br>১৯. সশস্ত্র মুজাহিদ বিষয়ক মন্ত্রণালয়<br>২০. স্বরাষ্ট্র বিষয়ক মন্ত্রণালয়<br>২১. পররাষ্ট্র বিষয়ক মন্ত্রণালয় | ১. রাষ্ট্রপতির কার্যালয় ২. প্রধান উপদেষ্টার কার্যালয় ৩. সশস্ত্র বাহিনী বিভাগ ৪. মন্ত্রিপরিষদ বিভাগ ৫. পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় ৬. প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ৭. কৃষি মন্ত্রণালয় ৮. বাণিজ্য মন্ত্রণালয় ৯. সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় ১০. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয় ১১. প্রতিরক্ষা মন্ত্রণালয় ১২. জনপ্রশাসন মন্ত্রণালয় ১৩. মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় ১৪. অর্থ মন্ত্রণালয় ১৫. পররাষ্ট্র মন্ত্রণালয় ১৬. স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ১৭. স্বরাষ্ট্র মন্ত্রণালয় ১৮. গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয় ১৯. প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় ২০. ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় ২১. স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় ২২. আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় ২৩. দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় ২৪. মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় ২৫. বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় ২৬. বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয় ২৭. পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় ২৮. খাদ্য মন্ত্রণালয় ২৯. শিক্ষা মন্ত্রণালয় ৩০. তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় ৩১. বস্ত্র ও পাট মন্ত্রণালয় ৩২. শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় ৩৩. ভূমি মন্ত্রণালয় ৩৪. পরিকল্পনা মন্ত্রণালয় ৩৫. ধর্ম বিষয়ক মন্ত্রণালয় ৩৬. নৌ-পরিবহন মন্ত্রণালয় ৩৭. সমাজকল্যাণ মন্ত্রণালয় ৩৮. পানিসম্পদ মন্ত্রণালয় ৩৯. যুব ও ক্রীড়া মন্ত্রণালয় ৪০. মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় ৪১. রেলপথ মন্ত্রণালয় ৪২. বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় ৪৩. শিল্প মন্ত্রণালয় |

**বিচার:** দেশ পরিচালনার জন্য সংবিধান লেখা হয়। সেই সংবিধানকে বাস্তবায়ন করার জন্য আইন করা হয়। আর সেই আইন অমান্য করলে আপনি হয়ে যাবেন অপরাধী। আপনার অপরাধ নিশ্চিত করে শাস্তি দেওয়াকে বিচার বলে। (আল-আ'রাফ: ৫৪)

**বিচার ব্যবস্থার মাধ্যমে জাতিকে পরিচালনা করার পদ্ধতি-**

| বিষয় | ইসলামিক নিয়ম | গণতান্ত্রিক নিয়ম |
|---|---|---|
| ১. আইনের উৎস ও বিচারক | আল-কোরআনের আইন: ইসলামিক সরকার যেই আইন দিয়ে বিচার করে, তা হলো আল-কোরআনের আইন। আমাদের দেশে ইসলামিক আইন শিক্ষা গ্রহণ করে থাকেন মুফতি, মুহাদ্দিস ও ফকীহগণ। তাদের মধ্য থেকেই বিচারক (কাযী) ও আইনজীবী নিযুক্ত করা হয়। মুসলিম প্রধান দেশে ইসলামিক আইনের প্রয়োজনীয়তা সবচেয়ে বেশি। | জুপিটারের আইন: বর্তমানে রোমান দেবতা জুপিটারের আইন দিয়ে বিচার করা হয়। এই আইন শিক্ষার জন্য উচ্চ পর্যায়ের লোক আমেরিকায় গিয়ে পিএইচ.ডি. করে দেশে এসে বিচার করে। একটি স্বাধীন দেশের আইন শিক্ষার জন্য আমেরিকায় যেতে হওয়া অত্যন্ত দুঃখজনক। |
| ২. আইন প্রণয়ন পদ্ধতি | আল্লাহর আইন: ইসলামিক আইনকে আল-কোরআন ও হাদিস রচিত আইন বলা হয়। আল-কোরআন ও হাদিসের নিয়ম অনুযায়ী আইন প্রণয়ন করা হয়। এর ফলে ইসলামিক বিচার সরাসরি আল্লাহর পক্ষ থেকে হয়। | মানব রচিত আইন: বর্তমান আইনকে মানব-রচিত আইন বলা হয়। এই আইন প্রণয়ন করা হয় গণতন্ত্রের সংবিধান 'নিউ ওয়ার্ল্ড অর্ডার'-এর নিয়ম অনুযায়ী। এই আইন অমান্য করলে আপনি 'জঙ্গি' হিসেবে গণ্য হবেন। |
| ৩. সামাজিক আদর্শ ও নৈতিকতা | শালীনতার অনুমোদন: সকল নারীকে পর্দা করতে হয়। সম্পদে পুরুষের দুই-এর এক অংশ পায় নারী। সুদ, নাটক, সিনেমা, মদ্যপান, অশ্লীল বিজ্ঞাপন, প্রেম, পরকীয়া– এই সব সম্পূর্ণ নিষিদ্ধ। মন্দ কাজ নিষেধ হওয়ার কারণে সমাজে শান্তি বিরাজ করে। | নির্লজ্জতার অনুমোদন: বর্তমান আইন নারীর বেপর্দা, নারীর সমান অধিকার, সুদব্যবস্থা, নাটক, সিনেমা, মদ্যপান, নারী দিয়ে অশ্লীল বিজ্ঞাপন, প্রেম ও পরকীয়াকে 'ব্যক্তির স্বাধীনতা' বলে অনুমোদন প্রদান করে। |
| ৪. বিচারের স্বচ্ছতা ও আস্থা | আস্থাশীল বিচার: বিচার প্রকাশ্যে হয় বলে সবাই আস্থা রাখে। দোষী অর্থের বিনিময়ে মুক্তি পায় না, নির্দোষ শাস্তি পায় না। কোরআন অনুযায়ী, যারা আল্লাহর নাযিল করা বিধান দিয়ে বিচার করে না, তারা কাফির। ফলে সবাই আইন মানতে বাধ্য থাকে। | অনাস্থাশীল বিচার: বিচার গোপনে হয় বলে কেউ আস্থা রাখতে পারে না। এখানে দোষী অর্থ দিয়ে মুক্তি পায়, নির্দোষ সাজা পায়। জুলুমকারী মুক্তি পায় আর প্রতিবাদকারীর ফাঁসি হয়। ঈমানদারকে উগ্রবাদী আর যিনাকারীকে সুশীল বলা হয়। |
| ৫. বিচারের সময়সীমা | স্বল্পমেয়াদি বিচার: মযলুমরা দ্রুত বিচার পায় এবং কাউকে হয়রানি করা হয় না। জনসম্মুখে অপরাধী প্রমাণিত হলে সাথে সাথে শাস্তি দেওয়া হয়। দ্রুত বিচার হওয়ার কারণে অপরাধী পার পায় না। | দীর্ঘমেয়াদি বিচার: মযলুমরা দ্রুত বিচার পায় না বরং হয়রানির শিকার হয়। জনসম্মুখে অপরাধ করলেও সাথে সাথে শাস্তি দেওয়া যায় না। দীর্ঘমেয়াদি প্রক্রিয়ার সুযোগ নিয়ে অপরাধী মুক্তি পেয়ে যায়। |

**ব্যবসা-বাণিজ্য:** ক্রয়-বিক্রয় বা কেনা-বেচাকে ব্যবসা-বাণিজ্য বলে। এর মাধ্যমে অর্থের আদান-প্রদান হয়। **অর্থনীতি:** অর্থের আদান-প্রদান সংক্রান্ত নীতিকে অর্থনীতি বলে। অর্থাৎ, অর্থ কীভাবে আসবে এবং কীভাবে ব্যয় হবে, তার নীতিই হলো অর্থনীতি। (আল-বাক্বারাহ: ২৭৫)

**ব্যবসার মাধ্যমে জাতিকে পরিচালনা করার পদ্ধতি-**

| বিষয় | ইসলামিক নিয়ম | গণতান্ত্রিক নিয়ম |
|---|---|---|
| ১. অর্থনীতির মূল ভিত্তি | যাকাতভিত্তিক অর্থনীতি: অতিরিক্ত সম্পদ থেকে অভাবগ্রস্তদের জন্য নির্দিষ্ট অংশ ব্যয় করা (যাকাত) এবং কর্জ হাসানা বা যাকাতের অর্থ দিয়ে ব্যবসা পরিচালনা করাকে যাকাতভিত্তিক অর্থনীতি বলে। | সুদভিত্তিক অর্থনীতি: আর্থিক সমস্যার সমাধানের নামে ব্যবসার প্রয়োজনে ঋণ বা লোন গ্রহণ এবং গৃহীত অর্থ থেকে বেশি অর্থ প্রদান করাকে সুদভিত্তিক অর্থনীতি বলে। |
| ২. ব্যবসার নীতি বা পরিধি | ক্ষুদ্র-ব্যবসা নীতি: ব্যবসা যত ছোট হবে, অন্যের ওপর নির্ভরশীলতা তত বাড়বে। নির্ভরশীলতা বাড়লে অর্থের প্রবাহ বাড়ে এবং সম্পদ কিছু লোকের হাতে জমা হতে পারে না। ফলে ব্যবসায়ীর সংখ্যা ও যাকাতের পরিমাণ বাড়ে। | বৃহৎ ব্যবসা নীতি: এটি 'লিমিটেড' ও 'গ্রুপ' পদ্ধতি। এক ব্যক্তি অনেক কোম্পানির মালিক হতে পারে। এতে অন্য কোম্পানির ওপর নির্ভরশীলতা কমে এবং বড় ব্যবসায়ীদের আধিপত্যে ছোট ব্যবসায়ীরা লোকসান গোনেন। |
| ৩. কর্মসংস্থান ও স্বাধীনতা | অধিক কর্মসংস্থান: ক্ষুদ্র-ব্যবসা নীতি থাকায় যে কেউ ব্যবসা করতে পারে। ব্যবসায়ীর সংখ্যা বেশি হওয়ায় কর্মসংস্থানও বেশি। ফলে মালিকরা কর্মীদের দাসে পরিণত করতে পারে না এবং কর্মস্থল পরিবর্তনের স্বাধীনতা থাকে। | স্বল্প কর্মসংস্থান: বৃহৎ ব্যবসা নীতির কারণে মালিকরা অতিরিক্ত কর্মী নিয়োগ দেন না। কর্মসংস্থান কম থাকায় মানুষ মালিকের দাস হতে বাধ্য হয় এবং চাইলেও কর্মস্থল পরিবর্তন করতে পারে না। |
| ৪. ব্যবসায়ী বনাম সিন্ডিকেট | ব্যবসায়ী তৈরি: এখানে ৩ স্তরের নীতিতে কোনো সিন্ডিকেট হয় না। (১) উৎপাদক ১টি পণ্য তৈরি করবেন। (২) আড়তদার ১-৩টি পণ্য মজুদ করবেন এবং ১০ দিন পর পর খালাস করবেন। (৩) খুচরা বিক্রেতা সব পণ্য রাখবেন। এতে সিন্ডিকেট হয় না। | সিন্ডিকেট তৈরি: বড় গ্রুপ কোম্পানিগুলো (যেমন: প্রাণ) বেশি বিক্রয় করে দিনে দিনে বিপুল সম্পদের মালিক হয়। তারা অন্য কোম্পানির ওপর নির্ভরশীল না হয়ে নিজেদের দালাল চক্র বা সিন্ডিকেট তৈরি করে ইচ্ছামতো পণ্যের মূল্য বৃদ্ধি করে। |
| ৫. পণ্যের মূল্যমান | মূল্য হ্রাস: প্রতি বছর যাকাত দেওয়ায় সম্পদ পুঞ্জীভূত হতে পারে না। ক্ষুদ্র-ব্যবসার কারণে সম্পদ সঠিক সময়ে সঠিক খাতে ব্যয় হয়। ফলে সময়ের সাথে সাথে পণ্যের মূল্য বৃদ্ধি পায় না। | মূল্য বৃদ্ধি: সুদভিত্তিক অর্থনীতিতে 'লিমিটেড' ও 'গ্রুপ' কোম্পানির কাছে সম্পদ জমা হয়। সম্পদ কুক্ষিগত হওয়ার কারণে সময়ের সাথে সাথে নিত্যপণ্যের (যেমন: চাল) মূল্য আকাশচুম্বী হয়। |
| ৬. সম্পদের পবিত্রতা | হালাল সম্পদ: ক্ষুদ্র-ব্যবসা নীতিতে ঋণের প্রয়োজন কম থাকে, তাই চাইলেও বেশি ঋণ নেওয়া যায় না। অন্যায়ভাবে রেমিটেন্স পাচারের সুযোগ না থাকায় এখানে অর্জিত সম্পদ সম্পূর্ণ হালাল। | হারাম সম্পদ: গ্রুপ কোম্পানিগুলো সুদের মাধ্যমে ব্যাংক থেকে ঋণ নেয়। কোম্পানির মালিকরা আয়েশি জীবনযাপন করলেও কোম্পানি লোকসানে দেখিয়ে আমাদের রেমিটেন্স (বৈদেশিক মুদ্রা) অন্যায়ভাবে দেশের বাইরে পাচার করে। |
| ৭. বিনিয়োগ ও পাচার | রাষ্ট্রীয় বিনিয়োগ: কারো অতিরিক্ত সম্পদ থাকলে বা আয়ের ইচ্ছা থাকলে তিনি রাষ্ট্রীয় খাতে (সেতু, বন্দর, সড়ক) বিনিয়োগ করতে পারেন। এতে দেশের সম্পদ দেশে থাকে এবং ধনী-দরিদ্রের বৈষম্য কমে। | অর্থ পাচার: লোকসান দেখানো কোম্পানির মালিকরা আমেরিকা ও কানাডায় বাড়ি ক্রয় করে। তারা দেশের রেমিটেন্স পাচার করে ফলে দেশের মানুষ গরিব হয় আর কিছু সংখ্যক লোক ধনী হয়। |

| বিষয় | ইসলামিক নিয়ম | গণতান্ত্রিক নিয়ম |
|---|---|---|
| ৮. উন্নয়ন ও ঋণ | জনগণের উন্নয়ন: উন্নয়নের জন্য জনগণের থেকে অর্থ নিয়ে বিনিয়োগ করা হয়। এতে রেমিটেন্স দেশে থাকে, জনগণ স্বাবলম্বী হয় এবং যাকাতের কারণে কোনো মুদ্রাস্ফীতি হয় না। | ইসরাইলের উন্নয়ন: উন্নয়নের জন্য IMF ও ওয়ার্ল্ড ব্যাংক থেকে সুদে ঋণ নেওয়া হয়। ঋণের বোঝা বাড়লে সরকার কর বাড়ায়, ফলে পণ্যের মূল্য বাড়ে। আমাদের রেমিটেন্স পাচারের মাধ্যমে মূলত ইসরাইল ও পাশ্চাত্যের ব্যবসা চাঙ্গা হয়। |

**শিক্ষা:** মানুষ অজ্ঞ অবস্থায় জন্মগ্রহণ করে। জন্মের পরে মানুষকে পৃথিবী-উপযোগী প্রশিক্ষণ দেওয়া হয়। এই প্রশিক্ষণ দেওয়াকেই শিক্ষা বলে। শিক্ষাপ্রতিষ্ঠান: পৃথিবী-উপযোগী প্রশিক্ষণ নেওয়ার কেন্দ্রকে শিক্ষাপ্রতিষ্ঠান বলে।

প্রভাব: শিক্ষার মাধ্যমে মানুষের জ্ঞানের পরিবর্তন করা যায়। শিক্ষা ইসলাম-কেন্দ্রিক হলে মানুষ আল্লাহ্ তা'আলার কথা বলবে, আর পৃথিবী-কেন্দ্রিক (ধর্মনিরপেক্ষ) হলে মানুষ জাতিসংঘের বা ইবলিশের কথা বলবে।

| বিষয় | ইসলামিক নিয়ম | গণতান্ত্রিক নিয়ম |
|---|---|---|
| ১. শিক্ষার ধরন ও আদর্শ | ধার্মিক শিক্ষা: প্রথমে আল-কোরআন ভিত্তিক শিক্ষা দেওয়া হয়। এর ফলে মানুষ শান্ত, নমনীয় এবং আল্লাহভীরু হয়, যা তাকে পাপ থেকে দূরে রাখে। এখানে স্কুল, কলেজ, মাদ্রাসা বা ডিপ্লোমা–এভাবে বিভক্তির প্রয়োজন হয় না। | ধর্মনিরপেক্ষ শিক্ষা: এখানে ধর্মীয় শিক্ষা খুবই নগণ্য। নগণ্য শিক্ষার সাথে সুদ ও সমকামিতা শিক্ষা দেওয়ায় মানুষ ধর্ম-বিমুখ (সেকুলার) হয়। শিক্ষা ব্যবস্থা স্কুল, কলেজ, মাদ্রাসা, কওমি ইত্যাদি স্তরে বিভক্ত হওয়ায় সমাজে বহুরূপী মানুষ দেখা যায়। |
| ২. লিঙ্গভিত্তিক শিক্ষা | পৃথক শিক্ষা: পুরুষ ও নারীর পৃথক শিক্ষাপ্রতিষ্ঠান থাকে। এতে নারী-পুরুষের মধ্যে দূরত্ব বজায় থাকে এবং সমাজে ধর্ষণ ও যিনা কম হয়। এখানে মূলত রাসূল (সাঃ)-এর আদর্শ শিক্ষা দেওয়া হয়। | একত্রে শিক্ষা: নারী ও পুরুষের মধ্যকার দূরত্ব কমিয়ে আনা হয়। এতে করে সমাজে দিন দিন ধর্ষণ ও যিনা বৃদ্ধি পায়। বর্তমান শিক্ষা ব্যবস্থার মাধ্যমে মূলত আমেরিকার নির্লজ্জ সমাজব্যবস্থা শিক্ষা দেওয়া হয়। |
| ৩. অর্থনৈতিক শিক্ষা | যাকাতভিত্তিক শিক্ষা: ইসলাম যাকাতভিত্তিক অর্থনীতির নীতিমালা শিক্ষা দেয়। এর মাধ্যমে কীভাবে রাষ্ট্র ও সমাজ পরিচালনা করতে হয়, সেই আদর্শিক শিক্ষা প্রদান করে। | সুদভিত্তিক শিক্ষা: বর্তমান শিক্ষা ব্যবস্থা সুদভিত্তিক অর্থনীতির কথা বলে আমাদের সুদের মতো হারাম কাজ করতে বাধ্য করছে, যা বর্তমানে চোখের সামনে প্রকাশ্যে হচ্ছে। |
| ৪. শিক্ষার মান ও সিলেবাস | মানসম্মত শিক্ষা: স্কুল, কলেজ ও মাদ্রাসার মধ্যে কোনো পার্থক্য থাকে না। সকল প্রতিষ্ঠানের জন্য একটিই সিলেবাস এবং একই পদ্ধতি থাকায় মানুষের মধ্যে কোনো মতভেদ থাকে না। | ৪ মানহীন শিক্ষা: আধুনিকতার নামে বিভিন্ন পদ্ধতি চালু করে শিক্ষাকে মানহীন করা হয়, যা শিক্ষার্থীদের মধ্যে হতাশা তৈরি করে। মাদ্রাসা শিক্ষাকে অবমূল্যায়ন করে স্কুল শিক্ষার প্রতি মানুষকে আগ্রহী করা হয়। |
| ৫. শিক্ষার সময়সীমা | স্বল্পমেয়াদি শিক্ষা: ৫-১০ বছরের মধ্যে কোরআন ও প্রাথমিক শিক্ষা, ১১-১৭ বছরে মাধ্যমিক এবং ১৮-২০ বছরের মধ্যে কর্মমুখী শিক্ষা দেওয়া হয়। ২১-২৩ বছরে হয় উচ্চতর গবেষণা। এতে বেকারত্ব ও ভিন্নমত থাকে না। | দীর্ঘমেয়াদি শিক্ষা: শিক্ষা শেষ করতেই প্রায় ২০ বছর লাগে (৫+৫+২+৫+৩)। ফলাফল পেতে পেতে বয়স ২৫-২৬ বছর হয় এবং ক্যারিয়ার গড়তে ৩০-৩৫ বছর পার হয়। এই দীর্ঘসূত্রিতায় পরিবার ক্ষতির সম্মুখীন হয়। |
| ৬. লক্ষ্য ও কর্মসংস্থান | ব্যবসা-মুখী শিক্ষা: যাকাতভিত্তিক ব্যবসা শিক্ষা দেওয়ায় ক্ষুদ্র ব্যবসায়ী বৃদ্ধি পায়। একে অন্যের ওপর নির্ভরশীল হওয়ায় নতুন ব্যবসার সুযোগ তৈরি হয়। ফলে মানুষ চাকরির চেয়ে ব্যবসার প্রতি বেশি আগ্রহী হয়। | কর্মমুখী শিক্ষা: লিমিটেড ও গ্রুপ কোম্পানির আধিপত্যে ব্যবসার সুযোগ কম, তাই এই শিক্ষা মানুষকে দাসে (চাকরিজীবী) পরিণত করে। নারীদের বিশেষ সুবিধা দিয়ে কর্মমুখী করায় পুরুষ বেকার হয় এবং সমাজ নারী-কেন্দ্রিক হয়ে যায়। |

**বিবাহ:** অবিবাহিত নারীর জন্য হালাল পুরুষের উপর নির্ধারিত অর্থের বিনিময়ে নারীর মালিকানা হস্তান্তর করাকে বিবাহ বলে। এটি বৈধ করা হয়েছে পবিত্র সম্পর্কের জন্য, অবৈধ যৌন সম্পর্কের জন্য নয়। (আন-নিসা: ৪, ২৪)

**বিবাহের মাধ্যমে জাতিকে পরিচালনা করার পদ্ধতি-**

| বিষয় | ইসলামিক নিয়ম | গণতান্ত্রিক নিয়ম |
|---|---|---|
| ১. দেনমোহর নির্ধারণ | স্বল্প দেনমোহর: কন্যার পিতার ব্যয় এবং পুরুষের সামর্থ্য অনুযায়ী দেনমোহর ঠিক করা হয়। বিবাহকে সহজ করতে এবং দেনমোহরের মূল উদ্দেশ্য বজায় রাখতে ইসলাম অতিরিক্ত দেনমোহর নির্ধারণ থেকে বিরত থাকতে বলেছে। | অধিক দেনমোহর: বর্তমানে নারীর নিরাপত্তার দোহাই দিয়ে সামর্থ্যের বাইরে অধিক দেনমোহর ধার্য করা হয়। এতে দেনমোহরের মূল উদ্দেশ্য নষ্ট হয় এবং পরবর্তীতে তা বিবাহবিচ্ছেদের কারণ হয়ে দাঁড়ায়। |
| ২. বিবাহের সময়কাল | দ্রুত বিবাহ: যাকাতভিত্তিক অর্থনীতির ফলে সম্পদের সঠিক বণ্টন হয় এবং পুরুষরা দ্রুত আর্থিকভাবে সচল হয়। স্বল্প বয়সে বিবাহের ফলে সমাজে অপরাধ কমে এবং পুরুষরা একাধিক বিবাহের প্রতিও আগ্রহ পায়। | বিলম্বিত বিবাহ: সুদভিত্তিক অর্থনীতির কারণে জীবনযাত্রার ব্যয় বাড়ে এবং অভাবের সৃষ্টি হয়। অভাবের তাড়নায় পুরুষরা দ্রুত বিবাহের ইচ্ছা হারায়। ফলে সমাজে যিনা ও বিবাহবহির্ভূত সম্পর্ক বৃদ্ধি পায়। |
| ৩. বিবাহের বয়স | স্বল্প বয়স: আল্লাহমুখী শিক্ষার কারণে পড়াশোনায় দীর্ঘ সময় লাগে না। শারীরিক সক্ষমতার ভিত্তিতে দ্রুত বিবাহ হওয়ায় নারীরা সহজে প্রসব বেদনা সহ্য করে সন্তান জন্ম দিতে পারে। এতে ব্যভিচার ও বাল্য যিনা বন্ধ থাকে। | অধিক বয়স: কর্মমুখী শিক্ষার কারণে বিবাহের বয়স ২৫-৩০ বছর পর্যন্ত গড়ায়। এর ফলে সন্তান গ্রহণের ক্ষমতা ও ইচ্ছা কমে যায় এবং ১-২ জনের বেশি সন্তান হয় না। বাল্যবিবাহ বন্ধের নামে মূলত 'বাল্য যিনা' বৃদ্ধি পায়। |
| ৪. অভিভাবকের ভূমিকা | অনুমতিক্রমে বিবাহ: মধ্যম-পর্যায়ের শিক্ষার কারণে নারীদের অনর্থক চাহিদা ও স্বাধীনতার উগ্রতা বাড়ে না। ফলে তারা পরিবারের ও অভিভাবকের অনুমতিক্রমে বিবাহ বন্ধনে আবদ্ধ হয়। | অনুমতি ব্যতীত বিবাহ: উচ্চশিক্ষার মাধ্যমে মানসিক পরিবর্তন ঘটে এবং চাহিদা ও স্বাধীনতার পরিধি আকাশচুম্বী হয়। ফলে নারীরা পরিবারের অনুমতি ছাড়াই বিবাহ করে, যা পরবর্তীতে বিচ্ছেদে রূপ নেয়। |
| ৫. সন্তান প্রসব পদ্ধতি | বরকতময় প্রসব: ইসলাম আবাস গৃহে (বাসায়) সন্তান প্রসবের উৎসাহ দেয়, কারণ এতে গৃহে আল্লাহর বরকত নাযিল হয়। আল্লাহর পদ্ধতিতে প্রসব হলে মা ও সন্তান উভয়ই সুস্থ ও শক্তিশালী থাকে। | ব্যবসায়িক প্রসব: সঠিক সময়ে বিবাহ না হওয়ায় নারীদের স্বাভাবিক প্রসব ক্ষমতা কমে যায়। ফলে পেট চিরে সন্তান বের করা হয় (সিজার)। এতে মা পঙ্গু হয়, সন্তান দুর্বল হয় এবং হাসপাতালের ব্যবসা চাঙ্গা হয়। এটি 'ইওসি'-এর একটি মহা-পরিকল্পনা। |

**পরিবার:** বিবাহের মধ্য দিয়ে যে সম্পর্কের সৃষ্টি হয়, তাকে পরিবার বলে। পরিবার থেকেই একজন শিশু ভালো-মন্দ ও ঠিক-ভুল সম্পর্কে তার জীবনের প্রাথমিক ধারণা পায়। (আর-রূম: ২১)

**পরিবারের মাধ্যমে জাতিকে পরিচালনা করার পদ্ধতি-**

| বিষয় | ইসলামিক নিয়ম | গণতান্ত্রিক নিয়ম |
|---|---|---|
| ১. নির্দেশের ধরন | সঠিক আদেশ: শিশুদেরকে আল্লাহর ইবাদত, সৎ কাজের আদেশ, অসৎ কাজের নিষেধ ও ধৈর্য শিক্ষা দেওয়া হয়। অহংকার বর্জন, নম্রভাবে চলাফেরা এবং কণ্ঠস্বর নিচু রাখার বিষয়ে রাসূল (সা.)-এর আদর্শ শিক্ষা দেওয়া হয়। | ভুল আদেশ: কাফের ও নির্লজ্জ ব্যক্তিদের আদর্শ মনে করা হয়। দাজ্জালের অনুসারীদের অনুকরণে নেশা, যিনা, অহংকার ও নির্লজ্জতার প্রতি উৎসাহিত করা হয়, যা সরাসরি ইবলিশের আদর্শ। |
| ২. শিক্ষার মূল লক্ষ্য | ইসলামমুখী: সন্তানের শিক্ষার ভিত্তি হয় ইসলামের ওপর। এর ফলে সন্তানরা আল্লাহর ওপর পূর্ণ বিশ্বাস রাখে এবং বাবা-মায়ের সাথে সর্বোত্তম ব্যবহার (সদ্ব্যবহার) করে। | কর্মমুখী: অভাব মুক্তির জন্য কেবল অর্থ আয়কেন্দ্রিক শিক্ষা দেওয়া হয়। ফলে বাচ্চারা ইসলামের মৌলিক বিষয় জানে না। কর্মমুখী শিক্ষার চাপে ধর্মীয় শিক্ষার গুরুত্ব হারিয়ে যায়। |
| ৩. নৈতিক আচরণ | আদব-কায়দা: ধর্মীয় শিক্ষার প্রভাবে সন্তান শান্ত, সুশীল ও নমনীয় হয়। তারা পিতা-মাতা ও শিক্ষককে উপযুক্ত সম্মান প্রদান করে এবং জীবনের সকল ক্ষেত্রে ধর্মীয় নিয়ম মানার চেষ্টা করে। | বেয়াদব: ধর্মীয় শিক্ষা না থাকায় সন্তানরা বাবা-মায়ের সাথে খারাপ ব্যবহার করে এবং শিক্ষককে অপমান করে। হতাশায় ভুগে মাদক সেবন করে এবং ইবলিশের পদাঙ্ক অনুসরণ করে। |
| ৪. শালীনতা ও সুরক্ষা | পর্দা বা লজ্জাস্থান হেফাজত: নারীদের ঢিলা পোশাক পরতে বলা হয়। মাহরাম ব্যতীত বাইরে যেতে এবং রূপ-সজ্জা প্রকাশ করতে নিষেধ করা হয়। এতে সমাজে নারীর মূল্যায়ন ও সম্মান অনেক বৃদ্ধি পায়। | বেপর্দা বা লজ্জাস্থান প্রকাশ: নারীদের নির্লজ্জতার স্বাধীনতা দেওয়া হয়। গরমের দোহাই দিয়ে যৌন উত্তেজক পোশাক পরা হয় যাতে লজ্জাস্থানের কাঠামো বোঝা যায়। নারীরা হয়ে ওঠে বাজারের পণ্য। |
| ৫. আদর্শিক চর্চা | ইসলামের চর্চা: সদস্যদের ফরজ বিধান মানতে বাধ্য করা হয় এবং অশ্লীলতা থেকে দূরে রাখা হয়। পুরুষদের সৌন্দর্য বৃদ্ধির জন্য দাড়ি, পাঞ্জাবি, পায়জামা ও পাগড়ি পরার পরামর্শ দেওয়া হয়। | ইবলিশের চর্চা: পরিবার কেবল বিলাসিতা ও বৈষয়িক সাফল্যের পেছনে ছোটে। ফলে সদস্যরা পরিবার থেকে বিচ্ছিন্ন হয়ে অশ্লীল কাজে লিপ্ত হয় এবং প্রত্যেক অবাধ্য ব্যক্তির অনুসরণ করে। |
| ৬. দৈনন্দিন রুটিন | দৈনন্দিন অভ্যাস: সুন্নত মোতাবেক চলার নির্দেশ দেওয়া হয়। যেমন: বসে খাওয়া, এশার পর দ্রুত ঘুমানো, ফজর পযন্ত না ঘুমানো এবং সকলে মিলে দস্তরখানায় বসে খাবার খাওয়া। | দৈনন্দিন বদ-অভ্যাস: পরিবার থেকে কোনো সঠিক গাইডলাইন থাকে না। ফলে দাঁড়িয়ে খাওয়া, দেরিতে ঘুমানো, বেলা করে ঘুম থেকে ওঠা এবং অতিরিক্ত মোবাইল, নাটক-সিনেমায় মগ্ন থাকার অভ্যাস গড়ে ওঠে। |

**মূল্যবোধ:** ভালো-মন্দ ও সঠিক-ভুল সম্পর্কে ধারণাকে মূল্যবোধ বলে। ভালোকে মন্দ বা মন্দকে ভালো করার জন্য মূল্যবোধকে ব্যবহার করা হয়। মূল্যবোধের পরিবর্তনের কারণে আমরা সঠিক পথ নির্ণয় করতে পারি না। (আলে-ইমরান: ১১০)

**মূল্যবোধের মাধ্যমে জাতিকে পরিচালনা করার পদ্ধতি-**

| বিষয় | ইসলামিক নিয়ম | গণতান্ত্রিক নিয়ম |
|---|---|---|
| ১. ভালো-মন্দের ধারণা | মন্দকে মন্দ করে দেখায়: আল-কোরআনের আলোকে ভালোকে ভালো আর মন্দকে মন্দ বলাই ইসলামিক মূল্যবোধ। যেমন: জিহাদ করা ফরজ এবং প্রেম করা যিনা সমতুল্য (হারাম)। বর্তমানের বিকৃত মূল্যবোধের কারণে মানুষ জিহাদকে খারাপ আর প্রেমকে ভালো মনে করছে। | মন্দকে ভালো করে দেখায়: এখানে ভালোকে মন্দ আর সঠিককে ভুল বলা হয়। যেমন: ৯০-এর দশকে প্রেম করাকে যিনা মনে করা হতো, কিন্তু বর্তমানে একে বলা হয় 'একজন অন্যজনকে জানা'। এভাবে মূল্যবোধ পরিবর্তন করে মন্দকে ভালো করা হয়। |
| ২. চারিত্রিক অভ্যাস | ভালো কাজে লিপ্ত: হাতে তসবিহ রাখা, ডান হাতে খাওয়া ও লেনদেন করা, বেশি বেশি সালাম দেওয়া, নিচু স্বরে কথা বলা, শালীন পোশাক পরা, রাতে কম খাওয়া, নারী-পুরুষের পর্দা রক্ষা করা এবং কুফরের বিপক্ষে প্রকাশ্যে জিহাদ করা। | মন্দ কাজে লিপ্ত: মোবাইলকে বেশি স্মরণ করা, বাম হাতের ব্যবহার বেশি করা, সালামে কৃপণতা, উঁচ স্বরে কথা বলা, ছোট ও অশ্লীল পোশাক পরা, রাতে বেশি খাওয়া, বিবাহ বহির্ভূত আড্ডা এবং দাজ্জালের অনুসারীদের ভয় করা। |
| ৩. আহ্বানের লক্ষ্য | আল্লাহর পথে আহ্বান: কালেমা পাঠের পর ৫টি ইবাদত (নামায, রোযা, হজ, যাকাত ও জিহাদ) পর্যায়ক্রমে ফরজ হয়। ইসলামিক মূল্যবোধ সম্পন্ন ব্যক্তি এই ৫টি শারীরিক ও আর্থিক ইবাদত পালনের মাধ্যমে আল্লাহর পথে জাতিকে আহ্বান করে। | দাজ্জালের পথে আহ্বান: মুসলমান হয়েও দাজ্জালের নাচ, গান, মদ, যিনা ও অশ্লীলতা নিয়ে ব্যস্ত থাকা। কুফরকে বন্ধু রূপে গ্রহণ করা এবং ইসলামের সমাধানের জন্য গণতান্ত্রিক সরকারের (কুফরের) মুখাপেক্ষী হওয়া। |
| ৪. স্বাধীনতা বনাম শালীনতা | পরাধীনতার নামে শালীনতা: ইসলামে যিনা, মদ, সুদ ও অশ্লীলতার স্বাধীনতা নেই। এই বিধিনিষেধের কারণে সমাজে শালীনতা থাকে। অথচ আধুনিক মূল্যবোধ একে পরাধীনতা মনে করে অবাধ মেলামেশা ও যিনাকে বিস্তার করছে। | স্বাধীনতার নামে অশ্লীলতা: বর্তমানে যিনা, মদ, সুদ ও অশ্লীলতার পূর্ণ স্বাধীনতা আছে। সুশীল সমাজ একেই স্বাধীনতা বলে। বিদেশীদের খুশি করতে মদ, বিশ্ব অর্থনীতির নামে সুদ এবং গরমের অজুহাতে নির্লজ্জ পোশাকের অনুমোদন দেওয়া হয়। |

**চিকিৎসা:** মানুষের অসুস্থতার সঠিক কারণ নির্ণয় করে সুস্থতার জন্য যে পদ্ধতি গ্রহণ করা হয় তাকে চিকিৎসা বলে। প্রক্রিয়া: অসুস্থতা নির্ভর করে স্বাস্থ্যের উপর, স্বাস্থ্য নির্ভর করে খাদ্যের উপর, আর খাদ্য আসে জমিন থেকে। খাদ্যে সমস্যা থাকলে স্বাস্থ্য খারাপ হবে এবং চিকিৎসার প্রয়োজন হবে। (আন-নাহল: ৬৯)

**চিকিৎসার মাধ্যমে জাতিকে পরিচালনা করার পদ্ধতি-**

| বিষয় | ইসলামিক নিয়ম | গণতান্ত্রিক নিয়ম |
|---|---|---|
| ১. জনসংখ্যা নীতি | মুসলিম জনসংখ্যা বৃদ্ধি: ইসলামে চিকিৎসার মাধ্যমে জনসংখ্যা নিয়ন্ত্রণ করা হয় না। কারণ, মুসলিম জনসংখ্যা যত বেশি, ইসলামের ভূমি তত বৃহৎ। অধিক জনসংখ্যাকে সম্পদ মনে করা হয়। | মুসলিম জনসংখ্যা নিয়ন্ত্রণ: বর্তমান সরকার একে বোঝা মনে করে জনসংখ্যা নিয়ন্ত্রণ করে। বস্তুত, তারা জনসংখ্যা নয় বরং সুকৌশলে মুসলমানের সংখ্যা নিয়ন্ত্রণ করে। |
| ২. জন্মদান পদ্ধতি | আল্লাহর পদ্ধতিতে জন্ম: আল্লাহর দেওয়া স্বাভাবিক পদ্ধতির ওপর গুরুত্ব দেওয়া হয় যাতে সন্তান সুস্থ ও সবল হয়। নিজ গৃহে সন্তান প্রসবের প্রশিক্ষণ দেওয়া হয়। বিশেষ প্রয়োজনে সিজার করতে হলে সরকারকে তার যথাযথ ব্যাখ্যা দিতে হয়। | দাজ্জালের সিজার পদ্ধতি: মানবজাতিকে ধ্বংসের উদ্দেশ্যে কারণে-অকারণে নারীদের পেট কেটে সন্তান প্রসব (সিজার) করতে বাধ্য করা হয়। টিকা দেওয়ার পরেও কেন সিজারের হার বৃদ্ধি পাচ্ছে, তা এক বড় প্রশ্ন। |
| ৩. সুস্থতার বিশ্বাস | আল্লাহকেন্দ্রিক বিশ্বাস: অসুস্থতাকে আল্লাহর পরীক্ষা মনে করা হয়। মুমিনরা চিকিৎসার পাশাপাশি আল্লাহর নিকট প্রার্থনা করে। এতে আল্লাহর ওপর বিশ্বাস ও ধৈর্য বৃদ্ধি পায়। | ওষুধকেন্দ্রিক বিশ্বাস: মানুষ মনে করে ওষুধই রোগ দূর করে। অথচ ওষুধ রোগ সারালে কেউ মৃত্যুবরণ করতো না। মানুষ সুস্থতার জন্য আল্লাহর সাহায্যের কথা ভুলে গিয়ে কেবল ওষুধের ওপর নির্ভর করে। |
| ৪. টিকা ও প্রতিরোধ | প্রাকৃতিক প্রতিরোধ: আল্লাহ মানুষকে জন্মগত রোগ প্রতিরোধ ক্ষমতা দিয়েছেন। এটি বৃদ্ধির জন্য হোমিওপ্যাথি ও আধুনিক চিকিৎসার সমন্বয় করা হবে। প্রয়োজন ব্যতীত কাউকে ঢালাওভাবে টিকা প্রদান করা হয় না। | দাজ্জালের টিকা: ইউনিসেফের মতো বিদেশী সংস্থা শিশুদের টিকার অর্থায়ন করে। যারা মুসলিম শিশুদের ওপর বোমা ফেলে, তারা কেন সুরক্ষার টিকা দেবে? এটি মানুষকে মানসিক ও শারীরিকভাবে অক্ষম করার পরিকল্পনা হতে পারে। |
| ৫. সেবার মান ও বাণিজ্য | নিঃস্বার্থ সেবা: ওষুধের মান যাচাই করা হয়। ডাক্তাররা কোম্পানিগুলোর সাথে চুক্তি করতে পারে না বা অপ্রয়োজনীয় টেস্ট দিতে পারে না। সকল টেস্টের মূল্য সরকার নির্ধারণ করে দেয়। | হয়রানি: বাজারে কার্যকারিতাহীন ওষুধ রোগ বৃদ্ধি করে। ডাক্তাররা কোম্পানির সাথে চুক্তি করে অপ্রয়োজনীয় ওষুধ ও টেস্ট লিখে রোগীদের হয়রানি করে এবং হাসপাতালের স্বার্থ দেখে। |
| ৬. খাদ্যের গুণাগুণ | স্বাস্থ্যকর ফসল: আল্লাহর সৃষ্টি প্রাকৃতিক ফসলের নিজস্ব প্রজনন ক্ষমতা থাকে। এই খাবারগুলো পুষ্টিতে ভরপুর এবং রোগ প্রতিরোধ ক্ষমতা সম্পন্ন। প্রকৃতিই এখানে সর্বোত্তম চিকিৎসক। | অস্বাস্থ্যকর ফসল: হাইব্রিড বা জিএমও (যেমন: ব্রয়লার, পাঙ্গাস, ফুল কপি, পাতা কপি) ফসলের নিজস্ব প্রজনন ক্ষমতা নেই। এগুলো সস্তা হলেও শরীরে অ্যান্টিবায়োটিক রেজিস্ট্যান্স তৈরি করে সাধারণ ওষুধকে অকার্যকর করে দেয়। |
| ৭. খাদ্যের পবিত্রতা | হালাল খাবার: পবিত্র ও হালাল খাবার মানুষের শারীরিক ও আত্মিক স্বাস্থ্যের জন্য কল্যাণকর। প্রাকৃতিক ও ঘরে তৈরি খাবারের ওপর নির্ভরতা ইবাদতে একাগ্রতা তৈরি করে। পবিত্র খাবার মানেই পবিত্র দেহ ও মন। | হারাম খাবার: অনেক নামী আইসক্রিম বা বিদেশী খাদ্য কোম্পানিতে শুকরের চর্বি (জেলাটিন) বা ক্ষতিকর 'ই-নাম্বার' ব্যবহার করার অভিযোগ রয়েছে, যা মুসলিমদের স্বাস্থ্যের জন্য চরম ক্ষতিকর। |

**সংস্কৃতি:** মানুষের জীবনের অবসর সময়ের ব্যবহারকে সংস্কৃতি বলে। এই সংস্কৃতিকে ব্যবহার করেই মানুষের মূল্যবোধের পরিবর্তন ঘটানো সম্ভব। (আল-ইনশিরাহ: ৭)

**সংস্কৃতির মাধ্যমে জাতিকে পরিচালনা করার পদ্ধতি-**

| বিষয় | ইসলামিক নিয়ম | গণতান্ত্রিক নিয়ম |
|---|---|---|
| ১. বিনোদনের ধরন | শালীন সংস্কৃতি: এখানে নারী-কেন্দ্রিক কোনো বিনোদন নেই, ফলে সমাজে কেউ নির্লজ্জ পোশাক পরার সাহস পায় না। এর অন্তর্ভুক্ত বিষয়: কোরআনে বর্ণিত স্থানের ভ্রমণ-ভিডিও, ইসলামের ইতিহাস, সামাজিক সমস্যার প্রতিকার, কোরআন প্রতিযোগিতা, শারীরিক খেলাধুলা, হজ ও ওমরাহ এবং বিভিন্ন ইসলামী ঐতিহাসিক স্মারক দিবস। | নির্লজ্জ সংস্কৃতি: অবসর সময়ে জাতি নাচ, গান, গেম, সিনেমা ও নাটকে মগ্ন থাকে। এসবে নারীরা নির্লজ্জ পোশাক পরে অশ্লীলতা ছড়ায়। এছাড়া উৎসবের নামে পহেলা বৈশাখ, মেলা ও মিছিলে নারী-পুরুষের অবাধ মিশ্রণ ঘটে। |
| ২. সামাজিক প্রভাব | বিবাহের প্রতি উৎসাহ: অশ্লীল বিনোদন ও নাচ-গান বন্ধ থাকায় যিনা-ব্যভিচারের সুযোগ থাকে না। ফলে নারী ও পুরুষ দ্রুত বিবাহ বন্ধনে আবদ্ধ হতে আগ্রহী হয়। | ব্যভিচারের প্রতি উৎসাহ: বাল্যবিবাহ বন্ধ রাখা এবং নির্লজ্জ বিনোদনের প্রসারের ফলে নারী-পুরুষ নিয়ন্ত্রণহীনভাবে ব্যভিচারের সুযোগ পায়। এতে করে তাদের মধ্যে বিবাহের প্রতি আগ্রহ কমে যায়। |
| ৩. সময়ের মূল্য | সময়ের সঠিক ব্যবহার: সংক্ষিপ্ত জীবনের মূল্যবান সময় আল্লাহর ইবাদত ও শুকরিয়ায় ব্যয় করার ব্যবস্থা নেওয়া হয়। এর লক্ষ্য হলো পরকালের পুলসিরাতের রাস্তা সহজে অতিক্রম করে জান্নাতে পৌঁছানো। | সময়ের অপব্যবহার: ইবলিশের সংস্কৃতি মানুষকে মোবাইল, ইন্টারনেট, গেম ও সিনেমা-নাটকের নেশায় ডুবিয়ে রাখে। ফলে বিনোদনের নামে মানুষ জীবনের সংক্ষিপ্ত সময়ের বিশাল একটি অংশ অপচয় করে ফেলে। |
| ৪. জীবনধারা | কর্মশীল জীবন: জাতিকে শারীরিক খেলাধুলার প্রতি উৎসাহিত করা হয়। এতে শরীরে অলসতা আসে না এবং মানুষ শারীরিক ও মানসিকভাবে সক্ষম থেকে আল্লাহর ইবাদত ও নিজ কর্মে মনোযোগী হতে পারে। | অলস জীবন: গৃহকেন্দ্রিক বিনোদন (মোবাইল) বেশি থাকায় মানুষ এখন আর মাঠে খেলতে যায় না। ফলে জাতি দিন দিন অলস ও স্থূল (মোটা) হয়ে যাচ্ছে, যা মানুষকে অসুস্থতার দিকে ঠেলে দিচ্ছে। |

**যোগাযোগ:** যে কোনো ব্যক্তি বা বস্তুর নির্দিষ্ট স্থানে আসা ও যাওয়াকে যোগাযোগ বলে। সড়ককেন্দ্রিক যোগাযোগ দেশের উন্নয়নে ভূমিকা রাখে এবং আয় বৃদ্ধি করে। যোগাযোগ যত ভালো হবে, দেশের উন্নয়ন তত দ্রুত হবে। (আল-আনকাবুত: ২০)

**যোগাযোগ ব্যবস্থার মাধ্যমে জাতিকে পরিচালনা করার পদ্ধতি-**

| বিষয় | ইসলামিক নিয়ম | গণতান্ত্রিক নিয়ম |
|---|---|---|
| ১. মাধ্যমের ধরন | মোবাইলকেন্দ্রিক যোগাযোগ: এখানে মোবাইল কলকেন্দ্রিক যোগাযোগকে সহজ করা হয়। এতে ইন্টারনেটের ক্ষতিকর তড়িৎ রশ্মি কমে এবং খাদ্যচক্রের ওপর ক্ষতিকর প্রভাব হ্রাস পায়। | ইন্টারনেটকেন্দ্রিক যোগাযোগ: কলরেট বৃদ্ধি করায় জাতি ইন্টারনেটে আসক্ত হয়। উচ্চ গতিসম্পন্ন তড়িৎ প্রবাহের কারণে প্রাণী ও গাছপালার ক্ষতি হচ্ছে এবং মানুষকে প্যাকেটজাত খাবার খেতে হচ্ছে। |
| ২. স্থানের নামকরণ | অর্থবহ নাম: সকল স্থান ও প্রতিষ্ঠানের নাম ইসলামকেন্দ্রিক অর্থবহ করা হয়। যেমন: ঢাকার নাম পরিবর্তন করে 'মসজিদাবাদ' করা। | অর্থহীন নাম: বর্তমান নামগুলো ইসলামের সাথে সম্পর্কিত নয়, বরং বস্তুর সাথে সম্পর্কিত ও অর্থহীন। যেমন: প্রাণ, আড়ং, ব্র্যাক, হৃদয় ইত্যাদি। |
| ৩. জ্বালানি নীতি | জ্বালানি সাশ্রয়: নদী সংস্কার, দিনের আলো ও বৃষ্টির পানির ব্যবহার বৃদ্ধি এবং ব্যক্তিগত যানবাহন নিয়ন্ত্রণের মাধ্যমে ২০-৩০ শতাংশ জ্বালানি সাশ্রয় করা হয়, যা রাষ্ট্রীয় ব্যয় ৫-১০ শতাংশ কমায়। | জ্বালানির অপচয়: নদী ও প্রাকৃতিক উৎসের ব্যবহার কম হওয়ায় জ্বালানির মূল্য বৃদ্ধি পায়। ব্যক্তিগত যানবাহনের নিয়ন্ত্রণ না থাকায় পাবলিক পরিবহনের বেহাল দশা হয় এবং ডলারের চাহিদা বেড়ে যায়। |
| ৪. রাষ্ট্রীয় ব্যয় | প্রয়োজনীয় ব্যয়: রাষ্ট্রীয় কর্মকর্তাদের বিলাসিতার সুযোগ নেই। শুরা সদস্য ও সামরিক বাহিনী ব্যতীত সকল কর্মকর্তা গণপরিবহন ব্যবহার করতে বাধ্য থাকেন, ফলে রাষ্ট্রীয় সম্পদ সাশ্রয় হয়। | অপ্রয়োজনীয় ব্যয়: পুঁজিবাদী ব্যবস্থায় আয়ের চেয়ে বিলাসিতায় ব্যয় বেশি। সরকারি চাকরিতে প্রয়োজন না থাকলেও একেকজন ব্যক্তির জন্য আলাদা আলাদা গাড়ি প্রদান করা হয় যা অপচয় মাত্র। |
| ৫. যাতায়াতে শালীনতা | শালীনতার অগ্রগতি: যানবাহনে মাহরাম ব্যতীত নারী-পুরুষ একসাথে বসতে পারে না। নিরাপত্তার কারণে নারীরা মোটরবাইকে আরোহণ করতে বা কোনো যানবাহন চালাতে পারে না। | নির্লজ্জতার অগ্রগতি: যানবাহনে মাহরামের তোয়াক্কা না করে নারী-পুরুষ একসাথে বসে। নারীরা মোটরবাইক চালানোসহ সব ধরণের যানবাহন চালাতে পারে। |

**লিখন পদ্ধতি:** মানুষের মুখের শব্দকে যে চিত্র অঙ্কনের মাধ্যমে বোঝানো হয় তাকে লেখা বলে। আর সেই লেখার কৌশলকে লিখন পদ্ধতি বলে। (আল-আলাক: ৪-৫)

**লিখন পদ্ধতি মাধ্যমে জাতিকে পরিচালনা করার পদ্ধতি-**

| বিষয় | ইসলামিক নিয়ম | গণতান্ত্রিক নিয়ম |
|---|---|---|
| ১. বর্ণমালার দিক | ডানমুখী বর্ণমালা: আল-কোরআনের লেখা ডান দিক থেকে হওয়ার কারণে, ইসলামিক সরকার বাংলা ভাষাকে ডান দিক থেকে লেখার জন্য আরবি হরফ ব্যবহার করে। যেমন: বাংলা শব্দ "আমি"-কে আরবি হরফ দিয়ে "عامي" এভাবে লেখা। | বামমুখী বর্ণমালা: ভারতবর্ষের প্রভাবে ভাষাবিদগণ হিন্দি বর্ণমালার সাথে মিল রেখে বাম দিক থেকে লেখার পদ্ধতি চালু করেন। উচ্চারণ এক হলেও অনেক ক্ষেত্রে বর্ণমালা ভিন্ন হয় (যেমন: উর্দু ও হিন্দি)। |
| ২. দাপ্তরিক ভাষা | আরবির ব্যবহার: প্রতিটি পণ্যের গায়ে বাংলার পাশাপাশি আরবি লেখা থাকে। এতে আরব দেশে কর্মরত শ্রমিকদের জন্য ভাষা শিক্ষা সহজ হয়। | ইংরেজির ব্যবহার: সকল পণ্যের গায়ে ও অফিস-আদালতে বাংলার পাশাপাশি ইংরেজির ব্যবহার হয়। কারণ দেশ আমেরিকাকে ভিত্তি করে তৈরি।ISO-কে মান্য করে চলে। |
| ৩. শিক্ষার সহজতা | সহজ শিক্ষা: ছোট বাচ্চারা খুব অল্প দিন আরবি পড়ার চর্চা করলেই নিজেরা দেখে দেখে আরবি পড়তে সক্ষম হয়। | কঠিন শিক্ষা: ছোটবেলা থেকে ইংরেজি শিক্ষা দেওয়া হলেও দেখা যায় অনেক বছর পর অনেকেই এই ভাষায় সঠিকভাবে কথা বলতে পারে না। |
| ৪. শব্দের প্রায়োগিক ব্যবহার | আরবি শব্দের ব্যবহার: কোরআন ও খুতবা বোঝা এবং মধ্যপ্রাচ্যে কর্মসংস্থান বৃদ্ধির লক্ষ্যে আরবি শব্দের ব্যবহার করা হয়। যেমন: 'থ্যাংকস' এর বদলে 'শুকরান', 'সরি' এর বদলে 'আস্তাগফিরুল্লাহ', 'মিটিং' এর বদলে 'মুজাকারা'। | ইংরেজি শব্দের ব্যবহার: পশ্চিমাদের প্রভাবে ইংরেজি শব্দের ব্যাপক ব্যবহার হয়। যেমন: 'থ্যাংকস', 'সরি', 'হ্যালো', 'মিটিং', 'ওকে'। ইংরেজিকে বাংলায়ন করার কারণে মানুষ একে বাংলা থেকে সহজ মনে করে। |

**সুস্পষ্ট ধর্মীয় দর্শন:** মানুষ অজ্ঞ অবস্থায় জন্মগ্রহণ করার কারণে তাকে পৃথিবী-উপযোগী শিক্ষা গ্রহণ করতে হয়। এই শিক্ষার জন্য কোনো ব্যক্তিকে অনুসরণ বা অনুকরণ করাকে ধর্ম বলে। সুস্পষ্ট ধর্মীয় দর্শন: পৃথিবী-উপযোগী শিক্ষা গ্রহণের জন্য ব্যক্তির সঠিক অনুকরণ করাকে সুস্পষ্ট ধর্মীয় দর্শন বলে। (আল-আহযাব: ২১)

**ধর্মীয় দর্শনের মাধ্যমে জাতিকে পরিচালনা করার পদ্ধতি-**

| বিষয় | ইসলামিক নিয়ম | গণতান্ত্রিক নিয়ম |
|---|---|---|
| ১. আদর্শের ভিত্তি | আল্লাহকেন্দ্রিক ধর্ম: মুসলমান জাতি আল্লাহ তা'আলা বা আল-কোরআনের অনুসরণ করে এবং রাসূল (সা.)-এর অনুকরণ করে, যা সুন্নাহ হিসেবে পরিচিত। এটিই সঠিক অনুকরণ। | দাজ্জালকেন্দ্রিক ধর্ম: শিক্ষা বা জানার জন্য প্রযুক্তি বা দাজ্জালের অনুসারী ব্যক্তির ওপর নির্ভর করা হয়। এই নির্ভরশীলতার সুযোগে দাজ্জাল তার মতাদর্শ মানুষের মধ্যে প্রবেশ করিয়ে দেয়। |
| ২. বিশ্বাসের কেন্দ্র | আল্লাহকেন্দ্রিক বিশ্বাস: ইসলাম মানবজাতিকে আল্লাহর ওপর বিশ্বাস রাখার জন্য কাজ করে। বিভিন্ন দিকনির্দেশনা ও আল্লাহর সাহায্য প্রদর্শনের মাধ্যমে এই বিশ্বাস মজবুত করা হয়। | ব্যক্তিকেন্দ্রিক বিশ্বাস: ইবলিশ ও দাজ্জাল মানুষকে বস্তুকেন্দ্রিক বিশ্বাস করতে শেখায়। যেমন: 'আল্লাহ আপনাকে খাওয়ান না, আপনি নিজে আয় করে খান'—এমন মনোভাব সৃষ্টি করা হয়। |
| ৩. মূল সংবিধান | আল্লাহর কিতাব: ইসলামের সংবিধান হলো আল-কোরআন, যা রাসূল (সা.)-এর মাধ্যমে আমাদের নিকট এসেছে। এটি সরাসরি আল্লাহর পক্ষ থেকে অবতীর্ণ। | দাজ্জালের কিতাব: বর্তমান গণতন্ত্রের সংবিধান হলো 'নিউ ওয়ার্ল্ড অর্ডার', যা গণতন্ত্রের মাধ্যমে মানুষের কাছে পৌঁছানো হয়েছে। এই সংবিধান সরাসরি দাজ্জালের পক্ষ থেকে আসা। |
| ৪. দলগত পরিচয় | এক দল (মুসলমান): কাফেররা মুসলমানদের চিরন্তন শত্রু কারণ তারা ইবলিশের অনুসারী। মুসলমানদের দলের নাম 'মুসলমান', যা ইব্রাহিম (আ.) নামকরণ করেছেন। নেতাশূন্যতা রোধে ইসলাম সরাসরি সরকার গঠন করে। | বহু দল: সম্প্রীতির নামে সকল ধর্মকে এক করা বা ধর্মকে বাদ দেওয়ার দর্শন হলো গণতন্ত্র। এটি বিভিন্ন মতকে প্রাধান্য দিয়ে মানুষকে দলে দলে বিভক্ত করে এবং ধর্মের মধ্যে দলভেদ তৈরি করে। |
| ৫. ঐক্য বনাম বিভক্তি | সহমত: সকল বিষয় আল-কোরআন থেকে নেওয়া হয় বলে সকলে সহমত পোষণ করেন। ইসলামিক সরকার কোরআন অনুযায়ী পরিচালনা করে বলে জনগণের জন্য সকল নির্দেশনা মান্য করা ফরজ। | মতভেদ ও মতপার্থক্য: সকল সমাধানের জন্য জাতিসংঘের (দাজ্জালের অনুসারীদের) মুখাপেক্ষী হওয়ায় তারা বিভিন্ন মতভেদ তৈরি করে। ফলে মানুষ এখন আর একটি বিষয়ের ওপর স্থির হতে পারে না। |

# আল-কোরআনের ভিত্তিতে ইসলামিক আমিরাত গঠনের রূপরেখা

**আপনি** রাষ্ট্র পরিচালনার পদ্ধতি দেখে বুঝতে পারছেন যে, রাষ্ট্র একটি মেশিনের মতো যা একটি সূত্রের মাধ্যমে পরিচালিত হয়। এখন সেই সূত্র ধরে আপনি যদি কোরআন থেকে নিয়ম-নীতি নির্ধারণ করে দেন, তাহলে তা কোরআন ভিত্তিক রাষ্ট্র কাঠামো হয়ে যাবে। এখন আমরা দেখব মানুষকে সভ্যতার ভিত্তিতে আল্লাহ ও কোরআনমুখী করার জন্য কেমন নীতি হওয়া দরকার।

**মজলিস-উস-শূরা (সরকার):** আল-কোরআনের বিধান অনুসারে জাতিকে পরিচালনা করার কেন্দ্রকে ইসলামি সরকার বলে। প্রশাসনিক ব্যবস্থার মাধ্যমে একটি দেশ পরিচালিত হয়। ইসলাম সরকার নির্বাচনের ক্ষেত্রে বিশেষ গুরুত্ব দেয়। ইসলামে সরকার নির্বাচনের একটি পদ্ধতি আছে তা হলো "শূরা" পদ্ধতি। আল-কোরআনে "শূরা" নামে একটি সূরা আছে, যার কারণে ইসলামে সরকার নির্বাচনের সময় এই পদ্ধতি গ্রহণ করা হয়। "শূরা" সদস্যগণ রাষ্ট্রের সরকার ব্যবস্থা পরিচালনা করেন।

**ইসলামে শূরা প্রার্থী নির্বাচনের পদ্ধতি:**

১. মুসলিম, বিবাহিত পুরুষ হতে হবে, যার থাকবে পাঞ্জাবি, দাড়ি, পাগড়ি।
২. দেওবন্দ কেন্দ্রিক শিক্ষা ব্যবস্থায়, আল-কোরআন ও হাদিসের উপর পরিপূর্ণভাবে শিক্ষিত হতে হবে।
৩. যিনি আল্লাহর সব আদেশ, নিষেধ মান্য করেন এবং উপদেশ মোতাবেক পরিচালিত হন।
৪. যিনি সুন্নাহর মাধ্যমে নিজে ও পরিবারকে পরিচালনা করেন।
৫. মুজাহিদ হতে হবে। নিজ সন্তান বা পিতা শহীদ অথবা গাজী হলে অধিক অগ্রাধিকার পাবেন।
৬. যিনি দানশীল ও আল্লাহকে ভয় করেন।
৭. সপ্তাহে দুটি রোজা, শেষ রাতে আল্লাহর ইবাদত ও একাধিক বিবাহ যিনি বেশি করবেন তিনি অগ্রাধিকার বেশি পাবেন।

**ইসলামিক আমিরাত বাংলাদেশের প্রস্তাবিত প্রশাসনিক (সরকার) কাঠামো:**

১. প্রতিটি 'মসজিদুল ওয়াযা' (সামাজিক মসজিদে) পাঁচ (৫) জন করে শূরা সদস্য থাকবে। যথা: ইমামুল মাসজিদ (মসজিদ আমির-ইমাম সাহেব), নায়েবে আমির (সহকারী আমির-সমাজি), খাযেনুল মাসজিদ (অর্থবিষয়ক আমির-মুয়াজ্জিন), মুয়াল্লিমুল বুনইয়ান (উন্নয়ন আমির-সমাজি), মুক্বিমুস সালাহ (নামায কায়েম আমির-সমাজি) পদবিগুলি থাকবে।
২. পঁয়ত্রিশ (৩৫) টি মসজিদুল ওয়াযা নিয়ে একটি 'মসজিদুল মারকায' গঠিত হবে। মারকায মসজিদের শূরা সদস্য সংখ্যা হবে সাত (৭) জন। মসজিদুল মারকাযও একটি মসজিদুল ওয়াযা হিসেবে গণ্য হবে।
৩. তিন (৩) টি মসজিদুল মারকায নিয়ে একটি 'মসজিদুল আকওয়াম' (মডেল মসজিদ) হবে। মসজিদুল আকওয়ামের শূরা সদস্য সংখ্যা হবে একুশ (২১) জন। মসজিদুল আকওয়ামও একটি মসজিদুল ওয়াযা হিসেবে গণ্য হবে।
৪. একুশ (২১) টি মসজিদুল আকওয়াম নিয়ে এক (১) টি 'মসজিদুল মাসীর' (কেন্দ্রীয় মসজিদ) গঠন করা হবে। মসজিদুল মাসীর-এর শূরা সদস্য সংখ্যা হবে একুশ (২১) জন। মসজিদুল মাসীরও একটি মসজিদুল ওয়াযা হিসেবে গণ্য হবে।
৫. মসজিদুল মারকায, মসজিদুল আকওয়াম ও মসজিদুল মাসীরের শূরা সদস্যগণ মসজিদুল ওয়াযা-এর শূরা সদস্য হতে পারবেন না।

৬. মসজিদুল মারকাযের অধীনে থাকা মসজিদুল ওয়াযা বৃদ্ধি পেলে মসজিদুল মারকাযের শূরা সদস্য সংখ্যা পরিবর্তনযোগ্য হবে।
৭. প্রতিটি মসজিদুল মারকায, মসজিদুল আকওয়াম ও মসজিদুল মাসীর একটি মাদ্রাসার তত্ত্বাবধানে থাকবে এবং মসজিদুল ওয়াযাতে অসম্পূর্ণ বিচার বা বিরোধ মাদ্রাসার ইফতা বিভাগ বা বিচার বিভাগ দ্বারা সম্পন্ন করা হবে। যাতে মুমিনদের একটি দল বিচার প্রত্যক্ষ করতে পারে।
৮. প্রাথমিক বিচারে মৃত্যুদণ্ডপ্রাপ্ত ব্যক্তির চূড়ান্ত নির্দেশ মসজিদুল মাসীর (কেন্দ্রীয় মসজিদের) তত্ত্বাবধানে থাকা মাদ্রাসা থেকে প্রদান করা হবে।
৯. প্রতিটি মসজিদুল মারকায, মসজিদুল আকওয়াম ও মসজিদুল মাসীর-এর শূরা সদস্যগণ দায়িত্ব অনুসারে রাষ্ট্রীয় মন্ত্রণালয়ের অন্তর্ভুক্ত হবেন।
১০. প্রতিটি মন্ত্রণালয় তাদের কার্যক্রম মসজিদ, মাদ্রাসা ও মুসাফিরখানার মাধ্যমে পরিচালনা করবে।
১১. মসজিদুল মাসীর (কেন্দ্রীয় মসজিদের) শূরা সদস্যগণ থেকে রাষ্ট্রীয় শূরা সদস্য বা মন্ত্রী নিয়োগ দেওয়া হবে।
১২. শূরা সদস্যগণ দায়িত্ব গ্রহণের পূর্বে বা পরে রাষ্ট্রের খরচে হজ বা ওমরাহ করে আসবেন।
১৩. রাষ্ট্রীয় "শূরা" সদস্যগণের মধ্য হতে পরস্পর মুজাকারা করে রাষ্ট্রীয় প্রধান আমির করা হবে।
১৪. রাষ্ট্রীয় "শূরা" সদস্যগণ "আমিরুল মুমিনীন" এর হাতে বাইয়াত গ্রহণ করেন।
১৫. রাষ্ট্রীয় "শূরা" সদস্য সংখ্যার নির্দিষ্ট কোনো সীমা নেই, কিন্তু রাষ্ট্রের ব্যয়ের কথা চিন্তা করে সদস্য সংখ্যা নির্দিষ্ট করা যায়। রাষ্ট্রীয় "শূরা" সদস্য সংখ্যা সর্বোচ্চ ৩৩ জন করা হলো। প্রাথমিকভাবে ২১টি মন্ত্রণালয় করা হলো, অতিরিক্ত মন্ত্রীগণ প্রয়োজনে ব্যবহার করার জন্য রাখা হলো।

১৬. যে সকল কারণে বিদ্যমান "শুরা" সদস্যকে অবসর প্রদান করা হবে এবং নতুন "শুরা" সদস্য দায়িত্ব গ্রহণ করবেন, " শূরা" সদস্যের অবসরের কারণ:

১. কোনো ফরজ বিধানকে অমান্য করলে।
২. আমিরুল মুমিনিন নির্দেশ প্রদান করলে।
৩. বেশি বয়স হলে বা ১০০ বছর অতিক্রম করলে।
৪. শারীরিকভাবে অক্ষম হলে।
৫. ব্যক্তি পাগল হলে।
৬. সুন্নাহসমূহ ত্যাগ করলে।

"শূরা" সদস্যকে সঠিক কারণে অবসর প্রদান করলে দেশ কখনো মুনাফিক দ্বারা পরিচালিত হবে না। বয়সের কারণে অবসর গ্রহণকারী সকল " শূরা" সদস্যগণ শূরা পরামর্শক হিসেবে দায়িত্বে পালন করবেন।

**বাস্তবিক প্রভাব:** এই শূরা ভিত্তিক সরকার ব্যবস্থা কার্যকর হলে প্রচলিত গণতান্ত্রিক বিশৃঙ্খলা ও ক্ষমতার লোভ চিরতরে বন্ধ হবে। যেহেতু প্রার্থী নিজে পদপ্রার্থী হতে পারেন না, বরং যোগ্যতার ভিত্তিতে নির্বাচিত হন, তাই দুর্নীতিবাজ ও অযোগ্যদের সরকারে আসার পথ রুদ্ধ হবে। মসজিদ কেন্দ্রিক তৃণমূল প্রশাসন চালু হওয়ার ফলে সমাজের প্রতিটি স্তরে ন্যায়বিচার ও শৃঙ্খলা প্রতিষ্ঠিত হবে। মুজাহিদ ও উচ্চ শিক্ষিত আলেমদের নেতৃত্বে রাষ্ট্র পরিচালিত হওয়ায় বিজাতীয় অপশক্তির প্রভাব থেকে দেশ মুক্ত থাকবে। শূরার সদস্যদের নির্দিষ্ট বয়সে বা অযোগ্যতায় অপসারণের ব্যবস্থা থাকায় সরকার কখনো স্থবির বা মুনাফিকদের কবলে পড়বে না। সর্বোপরি, এই পদ্ধতি একটি আধ্যাত্মিক ও সামরিকভাবে শক্তিশালী ইনসাফপূর্ণ খেলাফতি রাষ্ট্র উপহার দিবে

**আদল (বিচার):** আল-কোরআন আমাদের সংবিধান এবং সুন্নাহ বা হাদীস আমাদের আইন। খিলাফত ব্যবস্থার লক্ষ্য হলো অপরাধ নিশ্চিত করে অপরাধীকে উপযুক্ত শাস্তি প্রদানের মাধ্যমে ন্যায়বিচার প্রতিষ্ঠা করা। বিজ্ঞ ফকিহ, মুফতি ও মুহাদ্দিসগণ এই বিচার বিভাগ পরিচালনা করবেন এবং তাঁরাই হবেন রাষ্ট্রের বিচারক ও আইনজীবী।

**ইসলামিক আমিরাত বাংলাদেশের বিচার ব্যবস্থার আইন নিম্নে দেওয়া হলো:**

১. রিবা (সুদের লেনদেন): সুদের লেনদেন অর্থ হচ্ছে আল্লাহ ও রাসূলের সাথে যুদ্ধ করা। যে আল্লাহ ও রাসূলের সাথে যুদ্ধ করে, তার শাস্তি মৃত্যুদণ্ড। (বাকারা: ২৭৫-২৭৯)

২. শাতেম (আল্লাহ, রাসূল বা ইসলামের অবমাননাকারী): আল্লাহ, রাসূল বা ইসলামের অবমাননাকারীর তওবার সুযোগ নেই, তার শাস্তি মৃত্যুদণ্ড। (আহজাব: ৫৭, হাদিস ও ইজমা)

৩. প্রকাশ্যে শিরক (আল্লাহর সাথে অন্য কাউকে শরীক করা): কোনো মুসলমান যদি আল্লাহর সাথে অন্য কাউকে রব মনে করে, তাকে ইসলাম মুরতাদ (ধর্মত্যাগকারী) হিসেবে গণ্য করে, যার শাস্তি হলো মৃত্যুদণ্ড। (নিসা: ৪৮, মায়িদা: ৭২, সহীহ হাদীস)

৪. আওসান (দৃশ্যমান মূর্তি, ভাস্কর্য ও প্রতিকৃতি তৈরি/স্থাপন): দৃশ্যমান মূর্তি, ভাস্কর্য ও প্রতিকৃতি তৈরি-স্থাপন সম্পূর্ণ নিষেধ। আর যে সকল ভাস্কর্য আছে, সেগুলো ভেঙে ফেলার নির্দেশ রয়েছে। (হজ্জ: ৩০, আল-আম্বিয়া: ৫৮, আন-নাহল: ১২৩, সহীহ হাদীস)

৫. কিসাস (হত্যার জন্য হত্যা বা 'প্রতিশোধ'): ইসলামে প্রতিশোধের জন্য, আঘাতের ক্ষেত্রে সমপরিমাণ আঘাতের বিধান রয়েছে। আর কেউ যদি ইচ্ছাকৃত হত্যা করে, তার জন্য মৃত্যুদণ্ড। তবে, নিহতের পরিবার চাইলে দিয়ত (রক্তমূল্য) গ্রহণ করতে পারে অথবা ক্ষমা করে দিতে পারে। (আল-বাকারা: ১৭৮-১৭৯)

৬. সারিকা ও হিরাবাহ (চুরি-ডাকাতি): নির্দিষ্ট শর্ত সাপেক্ষে চুরির জন্য হাত কাটা। ডাকাতি/সশস্ত্র ডাকাতির ক্ষেত্রে অপরাধের ধরন অনুযায়ী হত্যা, শূলবিদ্ধ করা, বিপরীত দিক থেকে হাত-পা কেটে দেওয়া, অথবা নির্বাসন দেওয়া। (মায়িদাহ: ৩৮, ৩৩)

৭. জিনা (ব্যভিচার): প্রেম হচ্ছে জিনার সূচনা, তাই প্রেম ও জিনা করলে অবিবাহিত পুরুষ ও নারীর জন্য ১০০টি বেত্রাঘাত। বিবাহিত পুরুষ ও নারীর জন্য (পাথর নিক্ষেপ করে মৃত্যুদণ্ড) রজম। (নূর: ২, সহীহ হাদীস)

৮. তাবার্রুজ (নারীর ছবি ব্যবহার করে পণ্যের প্রচারণা): এটি সাধারণত 'তাজির' (তা'যীর) বা বিচারাধীন অপরাধের আওতায় পড়ে। শরিয়াহর সাধারণ নীতি অনুসারে, নারীকে নগ্নতা পরিহার করে পর্দা ও শালীনতা বজায় রাখার নির্দেশ দেওয়া হয়েছে। এই ধরনের কাজে জড়িতদের বিচারক কর্তৃক শাস্তি (যেমন জরিমানা, বেত্রাঘাত বা কারাদণ্ড) আরোপ করা হবে। (নূর: ৩১, আহজাব: ৩৩, ৫৯)

৯. লিবাস (সতর আবৃত না করা): পোশাক অবশ্যই সতর (লজ্জাস্থান) আবৃত করবে, স্বচ্ছ হবে না এবং সংকীর্ণ হবে না। এর লঙ্ঘনকারীকে তা'যীরের আওতায় বিচারক কর্তৃক শাস্তি দেওয়া হবে। পুরুষের ক্ষেত্রে গোড়ালির নিচে পোশাক নিষিদ্ধ। (আরাফ: ২৬)

১০. খামর (নেশা সৃষ্টিকারী সব বস্তু হারাম): কোরআনে আত্মহত্যা বা নিজের ক্ষতি নিষেধ। তাই মাদক (নেশা) সেবন যে করবে, তাকে ৮০টি বেত্রাঘাত (হদ্দে শারব) করা হবে। সিগারেট, এটি যেহেতু স্বাস্থ্যের জন্য ক্ষতিকর ও অপচয়, তাই এটি হারাম। এর জন্য সরাসরি কোনো 'হদ' না থাকলেও, বিচারক কর্তৃক তা'যীর (শাস্তি) আরোপ করা হবে। (মায়িদা: ৯০)

১১. উফ (সন্তান কর্তৃক পিতামাতাকে মারধর বা কষ্ট দেওয়া): সন্তান কর্তৃক পিতামাতাকে মারধর বা কষ্ট দেওয়া কবীরা গুনাহ (মহাপাপ) এবং 'উকুক আল-ওয়ালিদাইন' (পিতামাতার অবাধ্যতা) হিসেবে গণ্য। এর জন্য দুনিয়াতে সরাসরি কোনো 'হদ' নেই, তবে বিচারক কর্তৃক তা'যীর (কারাদণ্ড, বেত্রাঘাত) শাস্তি প্রদান করা হবে। (বনী ইসরাঈল: ২৩)

১২. ফারায়েজ (জমি বা উত্তরাধিকার): উত্তরাধিকার বণ্টন আল্লাহর পক্ষ থেকে নির্ধারিত বাধ্যতামূলক আইন। সম্পত্তির নির্ধারিত অংশ না দেওয়া বা অন্যায়ভাবে দখল করা মহাপাপ। এর জন্য দুনিয়াতে বিচারক কর্তৃক জরিমানা ও দখলকৃত সম্পত্তি ফিরিয়ে দেওয়ার নির্দেশ দেওয়া হবে। অথবা, বিচারক উভয়ের জমি বা উত্তরাধিকার সম্পত্তি নিয়ে নেবেন এবং তাদেরকে রাষ্ট্রের পক্ষ থেকে উত্তম ব্যবস্থা করে দেবেন। উভয় নিজেদের মধ্যে মীমাংসা করে নিলে তাদের সম্পত্তি ফিরিয়ে দিবেন। (নিসা: ৭,১১-১২, ১৭৬)

১৩. ফাহিশাহ (সমকামিতা এবং লিঙ্গ পরিবর্তন): কঠোর তা'যীর (ইসলামিক আদালতের বিবেচনামূলক শাস্তি), যা কারাবাস, বেত্রাঘাত বা অন্য কোনো কঠিন শাস্তি হতে পারে। হানাফী ফকীহগন মৃত্যুদণ্ডের পক্ষে মত দিয়েছেন। (আরাফ: ৮০)

১৪. আকলুল মাল বিল বাতিল (দূর্নীতি এবং সম্পদ আত্মসাৎ): এই অপরাধগুলোর শাস্তি হলো তা'যীর (আদালতের বিবেচনামূলক শাস্তি), যেখানে বিচারক অপরাধের গুরুত্ব অনুসারে কারাদণ্ড, বেত্রাঘাত, জরিমানা বা সম্পদ বাজেয়াপ্ত করার আদেশ দিতে পারেন। যদি অপরাধটি চুরির শর্তাবলি পূরণ করে, কেবল তখনই হাত কাটার হদ প্রযোজ্য হতে পারে। (বাকারা: ১৮৮)

১৫. তাতফীফ (ওজনে কম দেওয়া): ওজনে কম দেওয়া এটি তা'যীর-এর অন্তর্ভুক্ত অপরাধ। এর জন্য ইসলামি আদালতের বিচারক অপরাধের গুরুত্ব বুঝে কারাদণ্ড, জরিমানা বা বেত্রাঘাতের মতো শাস্তি হতে পারে। যার ওজনে কম দেওয়া হয়েছে, তাকে অবশ্যই ক্ষতিপূরণ ফিরিয়ে দিতে হবে এবং তার কাছে ক্ষমা চাইতে হবে, কারণ এটি হক্কুল ইবাদ (অন্যের অধিকার নষ্ট) করার শামিল। (আল-মুতাফ্ফিফীন)

**বাস্তবিক প্রভাব:** এই বিচার ব্যবস্থা বাস্তবায়িত হলে সমাজ থেকে অন্যায়, জুলুম এবং অপরাধ চিরতরে নির্মূল হবে। মৃত্যুদণ্ডের মতো কঠোর শাস্তির ভয় অপরাধীদের অপরাধ প্রবণতা থেকে দূরে রাখবে, ফলে সমাজ হবে নিরাপদ ও শান্তিপূর্ণ। সুদ ও দুর্নীতির বিচার নিশ্চিত হওয়ায় অর্থনৈতিক শোষণ বন্ধ হবে এবং দরিদ্র মানুষের অধিকার রক্ষিত হবে। পারিবারিক ও উত্তরাধিকার আইন কঠোরভাবে পালিত হওয়ায় সামাজিক শৃঙ্খলা সুদৃঢ় হবে। সর্বোপরি, বিচার বিভাগ সরাসরি আলেম ও ফকিহদের মাধ্যমে পরিচালিত হওয়ায় সাধারণ মানুষ দ্রুত ও ইনসাফপূর্ণ বিচার পাবে, যা বর্তমান জটিল বিচার ব্যবস্থার অবসান ঘটিয়ে একটি আসমানি শাসন ব্যবস্থা উপহার দিবে।

**তিজারা (ব্যবসা-বাণিজ্য):** ব্যবসায়িক কর্মকাণ্ড যখন কেবল মুনাফা অর্জনের হাতিয়ার না হয়ে সামাজিক কল্যাণের মাধ্যম হয়, তখনই একটি রাষ্ট্র সুখী ও সমৃদ্ধ হতে পারে। বর্তমান 'সুদভিত্তিক' পুঁজিবাদী অর্থনীতির বিপরীতে 'যাকাতভিত্তিক' অর্থনীতি প্রতিষ্ঠার জন্য ব্যবসার নীতিতে আমূল পরিবর্তন প্রয়োজন।

**ইসলামিক আমিরাত বাংলাদেশের প্রস্তাবিত ব্যবসা নীতি:**

১. সিন্ডিকেট ভাঙতে এবং সম্পদের সুষম বণ্টন নিশ্চিত করতে ব্যবসাকে তিনটি আয়াত দিয়ে সুনির্দিষ্ট স্তরে ভাগ করার প্রস্তাব করা হলো:

ক. সম্পদ কুক্ষিগত হওয়া (সূরা হাশর: ৭): বর্তমানে সম্পদ কেবল বড় গ্রুপ ও লিমিটেড কোম্পানিগুলোর হাতে জমা হচ্ছে। কোরআনের নির্দেশ হলো–সম্পদ যেন কেবল বিত্তশালীদের মধ্যেই আবর্তিত না হয়। উপদেশ হলো–কেউ যাতে কারুন হতে না পারে

খ. উত্তরাধিকারের সঠিক বণ্টন (সূরা আন-নিসা: ১১-১২): বর্তমানে গ্রুপ ও লিমিটেড কোম্পানিগুলোর প্রাতিষ্ঠানিক কাঠামোর কারণে মালিকের মৃত্যুর পর তার সম্পদ ফারায়েজ অনুযায়ী বণ্টন হয় না। ফলে অর্থের প্রবাহ থমকে যায়।

গ. যাকাত বনাম সুদ (সূরা আল-বাকারা: ৪৩): বর্তমান ব্যবসাগুলো সুদের ওপর টিকে আছে কিন্তু যাকাত দেয় না। ফলে ধনী আরও ধনী হচ্ছে আর গরিব দিন দিন আরও নিঃস্ব হচ্ছে।

২. সাগির ব্যবসা (ক্ষুদ্র বা খুচরা ব্যবসা): তারা একই দোকানে চাল, ডাল, তেলসহ সকল প্রকার নিত্য প্রয়োজনীয় পণ্য বিক্রি করতে পারবেন। সীমাবদ্ধতা, তারা ব্যবসার 'পরিধি' বাড়াতে পারবেন (বড় দোকান করতে পারবেন), কিন্তু শাখা বিস্তৃত করে চেইন শপ করতে পারবেন না। এতে স্থানীয় ক্ষুদ্র ব্যবসায়ীরা টিকে থাকবে।

৩. মুতাওয়াসসিত ব্যবসা (মধ্যম বা পাইকারি ব্যবসা): তারা পণ্য উৎপাদন করবেন না, শুধু নির্দিষ্ট একটি পণ্যের (যেমন: কেবল চাল বা কেবল তেল) পাইকারি ব্যবসা করবেন। সীমাবদ্ধতা, তারা একাধিক পণ্যের পাইকারি ব্যবসা করতে পারবেন না। বিস্তার: তারা একটি নির্দিষ্ট বিভাগের (মসজিদুল মাসীর) অধীনে জেলাগুলোতে (মসজিদুল আকওয়াম) ব্যবসা বিস্তার করতে পারবেন।

৪. কাবির ব্যবসা (বৃহৎ বা উৎপাদনকারী প্রতিষ্ঠান): তারা পণ্য উৎপাদন করবেন এবং সারাদেশে তা সরবরাহ করবেন। সীমাবদ্ধতা, একটি প্রতিষ্ঠান কেবল কেবল একটি নির্দিষ্ট পণ্যগুচ্ছ উৎপাদন করতে পারবে (যেমন: ধান থেকে উৎপন্ন চাল ও তুষ বিক্রয় করতে পারবে, ডিম নয়) এবং শুধুমাত্র মুতাওয়াসসিত (মাঝারি) ব্যবসায়ীদের নিকট পণ্য বিক্রয় করবে। এটি বড় কোম্পানির একাধিপত্য বা 'মনোপলি' ভাঙতে সাহায্য করবে।

৫. ইসলামিক দেশে ১টি মাত্র সুদবিহীন ব্যাংক থাকবে যা নিয়ন্ত্রণ করবে ইসলামিক সরকার। ব্যাংক থেকে আয়কৃত অর্থ রাষ্ট্র পরিচালনার কাজে ব্যয় করবে। রাসূল নিজে আমানত রাখতেন আবার তা ফিরিয়ে দিয়ে ব্যংকের কাজ করতেন। আধুনিক ব্যাংক ব্যবস্থার সুবিধা নেওয়ার জন্য ফি প্রযোজ্য হবে। উক্ত অর্থ দিয়ে রাষ্ট্র পরিচালনার করা হবে।

৬. ব্যক্তিগত বিনিয়োগ, কোনো ব্যক্তির উদ্‌বৃত্ত সম্পদ থাকলে তিনি বিলাসবহুল জীবনযাপনে তা নষ্ট না করে সরাসরি রাষ্ট্রীয় মেগা প্রজেক্টে (সেতু, বন্দর, সড়ক) বিনিয়োগ করতে পারবেন।

৬. সরকার কাবির ব্যবসা গণের সাপ্লাই চেইন বা পণ্য সরবরাহ ব্যবস্থা সম্পূর্ণ নিয়ন্ত্রণ করবে এবং এর মাধ্যমে অর্জিত রাজস্ব রাষ্ট্র পরিচালনার কাজে ব্যয় হবে।

৭. আন্তর্জাতিক সুদি ব্যাংকিং ব্যবস্থার কারণে ইসলামিক সরকার হুন্ডির মাধ্যমে রেমিটেন্স আদান-প্রদান করবে। অর্থাৎ, সকল দেশে ইসলামিক সরকারের এজেন্ট থাকবে; প্রবাসীরা তাদের কাছে অর্থ দিলে তারা দেশের ব্যাংকে জানিয়ে দেবে এবং ব্যাংক সেই পরিমাণ অর্থ গ্রাহকের অ্যাকাউন্টে জমা করে দেবে। অন্যদিকে, সরকারি এজেন্টের (ওই দেশের ব্যাংক অ্যাকাউন্টে) কাছে জমাকৃত রেমিটেন্স দিয়ে দেশের জন্য প্রয়োজনীয় পণ্য আমদানি করবে।

৮. মুদ্রানীতি: বর্তমান সময়ে আমরা বিনিময় প্রথা কিংবা স্বর্ণ ও রৌপ্য প্রথায় ফিরে যেতে পারছি না। তবে আমরা সম্পদ ও স্বর্ণের ওপর ভিত্তি করে কাগজের টাকার মান নির্ধারণ করব।

৯. সকল প্রাকৃতিক সম্পদ ও বিভাজন-অযোগ্য (লোহা, বালু, পাথর, সিমেন্ট, সকল প্রকার তেল, গ্যাস, বিদ্যুৎ, পানি, কল, কেমিক্যাল, বন্দর, বিমান, রেল ও গণপরিবহন) ব্যবসা ইসলামিক সরকার পরিচালনা করবে এবং এর মাধ্যমে অর্জিত রাজস্ব রাষ্ট্র পরিচালনার কাজে ব্যয় হবে।
১০. মুয়াজ্জিন সাহেব মসজিদকেন্দ্রিক যাকাত ও উশর আদায় করে উক্ত সমাজে তা বণ্টন করে দেবেন। যে মসজিদে উদ্‌বৃত্ত থাকবে, তা অন্য মসজিদে হস্তান্তর করে দেবেন। যাকাত ও উশর 'বাইতুল মাল' তহবিলে জমা দেওয়ার প্রয়োজন নেই।
১১. ইসলামিক সরকারের কেন্দ্রিয় কোষগারকে 'বাইতুল মাল' বলা হয়। ইসলামিক সরকার বাইতুল মাল পূরণের জন্য জনগণের নিকট অনুদান চাইবে। যা সাদাকা হিসেবে গণ্য হবে।
১২. সরকারের হাতে থাকা সকল মৌলিক সম্পদ ও আমদানিকৃত পণ্য সরকার 'মুতাওয়াসসিত' (মাঝারি) ও 'কাবির' (বড়) ব্যবসায়ীদের নিকট বিক্রয় করবে।
১৩. ইসলামিক রাষ্ট্রের বাজেট হবে এমন:
ক. রাষ্ট্রের আয় = (খনিজ ও মৌলিক শিল্পের মুনাফা) + (ব্যাংকিং সার্ভিস চার্জ) + (পরিবহন ও লজিস্টিক মুনাফা) + (বাইতুল মাল অনুদান) + (রেমিটেন্সের মাধ্যমে আমদানিকৃত পণ্য বিক্রয়লব্ধ আয়)
খ. রাষ্ট্রের ব্যয় = (জনসেবা) + (বেতন ও প্রশাসন) + (অবকাঠামো উন্নয়ন)

**বাস্তবিক প্রভাব:** আধুনিক 'লিমিটেড ও গ্রুপ অব কোম্পানিজ' প্রথা মূলত সম্পদকে এক জায়গায় কুক্ষিগত করে ফেলে। এই প্রথা বিলুপ্ত করে কোরআনি অর্থব্যবস্থার মডেলটি বাস্তবায়ন করলে দুর্নীতি ও সুদমুক্ত একটি ইনসাফপূর্ণ সমাজ গঠন সম্ভব। ইসলামিক নীতি অনুসরণ করলে সিন্ডিকেট ও শহরমুখী হওয়ার প্রবণতা রোধ হবে এবং বেকারত্ব হ্রাস পাবে। কারণ, 'গ্রুপ' ও 'লিমিটেড' প্রথা না থাকলে দেশে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তার সংখ্যা বৃদ্ধি পাবে এবং বিপুল কর্মসংস্থানের সৃষ্টি হবে। ব্যবসা বিকেন্দ্রীকরণ হওয়ার ফলে গ্রাম ও মফস্বলের মানুষ নিজ এলাকাতেই আয়ের সুযোগ পাবে। এর ফলে যাকাতদাতার সংখ্যা বাড়বে এবং দারিদ্র্য বিমোচন ত্বরান্বিত হবে। সর্বোপরি, মধ্যস্বত্বভোগী ও সুদের অভিশাপ না থাকায় পণ্যের দাম সাধারণ মানুষের ক্রয়ক্ষমতার মধ্যে থাকবে। ইসলামিক নীতি এমন একটি পদ্ধতি যা গোড়া থেকেই সম্পদ পুঞ্জীভূত হওয়া রোধ করে।

**তা'লিম (শিক্ষা):** মানুষ অজ্ঞ অবস্থায় জন্মগ্রহণ করে এবং জন্মের পর তাকে পৃথিবী-উপযোগী প্রশিক্ষণ দেওয়া হয়। রাসূল (সা.)-এর আদর্শ অনুসারে এই প্রশিক্ষণ গ্রহণ করাকেই ইসলামিক শিক্ষা বলে। শিক্ষা জাতির মেরুদণ্ড, কিন্তু বর্তমানে শিক্ষা ব্যবস্থা স্কুল, কলেজ, মাদ্রাসা, কওমি ও ডিপ্লোমা–এমন নানা ভাগে বিভক্ত হওয়ার কারণে আমাদের মধ্যে প্রবল মতপার্থক্য দেখা যায়। ইসলামে সকলের জন্য প্রাথমিক শিক্ষা হলো আল-কোরআন। এই ব্যবস্থায় সকল শিক্ষাপ্রতিষ্ঠানই হবে ইসলামিক শিক্ষা প্রতিষ্ঠান, যেখানে পুরুষ ও নারীদের জন্য পৃথক প্রতিষ্ঠানের ব্যবস্থা থাকবে।

**ইসলামিক আমিরাত বাংলাদেশের প্রস্তাবিত শিক্ষা ব্যবস্থা:**
১. দেওবন্দ শিক্ষা ধারাকে অনুসরণ করে শিক্ষা কার্যক্রম পরিচালনা করা হবে, যা মদিনার 'আহলে সুফফা'-র শিক্ষা ব্যবস্থার সাথে সাদৃশ্যপূর্ণ।
২. স্কুল, কলেজ, মাদ্রাসা, কওমি ও ডিপ্লোমাসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানকে একক 'ইসলামিক শিক্ষা প্রতিষ্ঠান' হিসেবে রূপান্তর করা হবে।
৩. সম্পূর্ণ শিক্ষা সিলেবাস ইসলামকেন্দ্রিক ও জীবনমুখী করে প্রণয়ন করা হবে।
৪. জন্মের পর ৫ থেকে ১০ বছর বয়সের মধ্যে আল-কোরআন এবং প্রাথমিক বুনিয়াদি শিক্ষা প্রদান করা হবে।
৫. ১১ থেকে ১৭ বছর বয়সের মধ্যে শিক্ষার্থীদের ইসলামিক শিক্ষা ও সাধারণ শিক্ষার সমন্বয় ঘটানো হবে।
৬. ১৮ থেকে ২০ বছর বয়সের মধ্যে সকল ছাত্রকে কর্মমুখী শিক্ষা প্রদান করা হবে, যাতে কেউ বেকার না থাকে।

৭. ২১ থেকে ২৩ বছর বয়সের মধ্যে শিক্ষার্থীরা তাদের পছন্দমতো বিষয়ে উচ্চতর শিক্ষা ও গবেষণার সুযোগ পাবে।
৮. সাধারণ শিক্ষা পর নারীরা আমিরের পরামর্শ সাপেক্ষে চিকিৎসা বিজ্ঞানে উচ্চতর শিক্ষা গ্রহণ করতে পারবেন।
৯. প্রতিটি ছাত্রকে ২০ বছর বয়সে বাধ্যতামূলকভাবে তিন মাস মেয়াদী প্রাথমিক আধা-সামরিক প্রশিক্ষণ দেওয়া হবে।
১০. আহলুল জিম্মা বা অমুসলিম নাগরিকদের জন্য পৃথক শিক্ষাপ্রতিষ্ঠানের ব্যবস্থা থাকবে।

**বাস্তবিক প্রভাব:** ইসলামিক শিক্ষা ব্যবস্থাটি চালু হলে সমাজে একটি আমূল পরিবর্তন আসবে, যেখানে সাধারণ ও ধর্মীয় শিক্ষার দূরত্ব ঘুচিয়ে একক আদর্শিক কাঠামো তৈরি হবে। শৈশব থেকে কোরআন শিক্ষা এবং কৈশোরে সমন্বিত শিক্ষার মাধ্যমে একটি শক্তিশালী নৈতিক ভিত্তি তৈরি হওয়ার পাশাপাশি ১৮ বছর বয়সে বাধ্যতামূলক কর্মমুখী শিক্ষা ও আধা-সামরিক প্রশিক্ষণ তরুণদের স্বাবলম্বী ও সুশৃঙ্খল নাগরিক হিসেবে গড়ে তুলবে। তবে উচ্চশিক্ষার নির্দিষ্ট পরিধি ও নারী শিক্ষার সীমাবদ্ধতার কারণে পেশাগত বৈচিত্র্যে পরিবর্তন আসবে এবং অমুসলিমদের জন্য পৃথক ব্যবস্থার মাধ্যমে সামাজিক কাঠামোতে একটি ভিন্নধর্মী সহাবস্থান তৈরি হবে।

**নিকাহ (বিবাহ):** অবিবাহিত নারীর জন্য হালাল পুরুষের ওপর নির্ধারিত অর্থের (দেনমোহর) বিনিময়ে নারীর মালিকানা বা অভিভাবকত্ব হস্তান্তর হওয়াকে ইসলামিক বিবাহ বলে। বিবাহের মাধ্যমেই একটি আদর্শ পরিবারের সূচনা হয়।

**ইসলামিক আমিরাত বাংলাদেশের প্রস্তাবিত বিবাহ নীতি:**
১. অবিবাহিত নারীরা পরিবারের অনুমতি ব্যতীত বিবাহ করতে পারবে না; যদি কেউ তা করে, তবে তাকে উপযুক্ত বিচারের আওতায় আনা হবে।
২. ইসলামে বিবাহের জন্য নির্দিষ্ট কোনো সর্বনিম্ন বয়সসীমা নেই। তবে বিবাহ সম্পূর্ণভাবে শারীরিক ও মানসিক পরিপক্কতা এবং অভিভাবকের সম্মতির ওপর নির্ভরশীল হবে।
৩. সামাজিক শৃঙ্খলা বজায় রাখতে সকল নারীকে ১৭ বছর এবং সকল পুরুষকে ২৫ বছরের মধ্যে বিবাহ সম্পন্ন করতে হবে।
৪. দেনমোহরের বিনিময়ে বিবাহ অনুষ্ঠিত হবে। তবে সামর্থ্যের বাইরে অতিরিক্ত দেনমোহর চাওয়া যাবে না; দেনমোহর নির্ধারণ করতে হবে শরীয়ত মোতাবেক।
৫. সকল বিবাহ এবং আকদ পবিত্র মসজিদে সম্পন্ন করা হবে।
৬. বিবাহের কোনো অনুষ্ঠানে কোনো প্রকার ইসলামবিরোধী বা অপসংস্কৃতিমূলক কাজ করা যাবে না।
৭. সমাজে একাধিক (চারটি পর্যন্ত) বিবাহ প্রথাকে সহজতর ও স্বাভাবিক করা হবে।
৮. অভাব বা অন্য কোনো কারণে যাদের বিবাহ হচ্ছে না, রাষ্ট্রীয় উদ্যোগে তাদের জন্য গণবিবাহের আয়োজন করা হবে।

**বাস্তবিক প্রভাব:** ইসলামিক বিবাহ নীতি কার্যকর হলে সমাজের পারিবারিক ও সামাজিক কাঠামোতে এক আমূল পরিবর্তন আসবে। অভিভাবকের অনুমতি ও নির্দিষ্ট সময়ের মধ্যে বিবাহ বাধ্যতামূলক করার ফলে পারিবারিক বন্ধন আরও দৃঢ় হবে এবং সামাজিক অস্থিরতা বা চারিত্রিক বিচ্যুতি অনেকাংশে কমে আসবে। এছাড়া চিকিৎসাবিজ্ঞানের আলোকে, অল্প বয়সে মা হওয়ার ফলে প্রসবজনিত জটিলতা কম থাকে, যার সরাসরি প্রভাব পড়বে চিকিৎসা খাতের ওপর–এতে অপ্রয়োজনীয় সি-সেকশন (সিজার) অপারেশন হ্রাস পাবে এবং প্রাকৃতিকভাবে সন্তান প্রসবের হার বাড়বে। দেনমোহর সহজলভ্য করা এবং রাষ্ট্রীয় উদ্যোগে গণবিবাহের ফলে অর্থনৈতিক অভাব আর বিবাহের পথে বাধা হয়ে থাকবে না, যা সমাজে অপরাধ প্রবণতা কমাতে সাহায্য করবে। এছাড়া, মসজিদে বিবাহ সম্পন্ন করা এবং অপসংস্কৃতি বর্জনের মাধ্যমে বিবাহ একটি সহজ ও পবিত্র ধর্মীয় উৎসবে পরিণত হবে। সব মিলিয়ে, এই ব্যবস্থাটি সমাজে দ্রুত পরিবার গঠন এবং একটি নিয়ন্ত্রিত ও আদর্শিক জীবনব্যবস্থা গড়ে তুলতে সহায়ক ভূমিকা পালন করবে।

**আল-আহল (পরিবার):** বিবাহের মধ্য দিয়ে যে পবিত্র সম্পর্কের সৃষ্টি হয়, তাকেই পরিবার বলে। একটি শিশু জন্মের পর ভালো-মন্দ এবং সঠিক-ভুল সম্পর্কে তার প্রথম ও প্রাথমিক ধারণা পরিবার থেকেই পায়। পরিবারে আমাদের সন্তানরা যাতে শৈশব থেকেই সঠিক ইসলামের চর্চা করতে পারে, রাষ্ট্রীয়ভাবে তার যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হবে।

**ইসলামিক আমিরাত বাংলাদেশের প্রস্তাবিত পরিবার গঠন পদ্ধতি**:

১. যাদের মুখে দাড়ি গজায়, সুন্নাহ অনুযায়ী তাদের সকলকে দাড়ি রাখতে হবে।
২. পুরুষরা পোশাক হিসেবে পাঞ্জাবি, পায়জামা, টুপি বা পাগড়ি পরিধান করবে; কারণ এটিই মুসলমানের জাতীয় পোশাক।
৩. সকল নারী পর্দার বিধান মেনে চলবে এবং কোনো প্রকার অশ্লীল পোশাক প্রকাশ বা পরিধান করবে না।
৪. পর্দার মর্যাদা রক্ষার্থে নারীরা উচ্চস্বরে কথা বলবে না।
৫. নারীরা পোশাক হিসেবে ঢিলেঢালা গোল জামা (সুন্নতি পোশাক) পরিধান করবে।
৬. নারীরা তাদের মাহরাম পুরুষ ব্যতীত অন্য কারও নিকট নিজের সাজসজ্জা বা রূপ প্রকাশ করবে না।
৭. অতি জরুরি প্রয়োজন ও মাহরাম পুরুষ ব্যতীত নারীরা বাইরে বের হবে না।
৮. পরিবারের সকলে মিলে সুন্নাহ অনুযায়ী দস্তরখানা ব্যবহার করে খাবার খাওয়ার অভ্যাস করবে।
৯. প্রতিটি পরিবারে সন্তানদের লালন-পালনের ক্ষেত্রে 'সূরা লোকমান'-এর শিক্ষা ও আদর্শের সঠিক চর্চা করানো হবে।
১০. পরিবারের শৃঙ্খলা বজায় রাখতে পুরুষের কর্তৃত্বে ও অভিভাবকত্বে পরিবার গঠন ও পরিচালনা করা হবে।

**বাস্তবিক প্রভাব:** ইসলামিক পরিবার গঠন পদ্ধতিটি বাস্তবে কার্যকর হলে সমাজের প্রতিটি ঘরে একটি গভীর ধর্মীয় ও সুশৃঙ্খল পরিবেশ তৈরি হবে। সুন্নাহভিত্তিক পোশাক, দাড়ি এবং দস্তরখান ব্যবহারের মতো নিয়মগুলো পালনের মাধ্যমে প্রতিটি পরিবারে ইসলামী সংস্কৃতির এক অভিন্ন বহিঃপ্রকাশ ঘটবে, যা মুসলমানদের একটি স্বতন্ত্র ও শক্তিশালী জাতীয় পরিচয় তৈরি করবে। নারীদের পর্দার বিধান এবং মাহরাম ব্যতীত বাইরে বের না হওয়ার কঠোর চর্চার ফলে সামাজিক জীবনে নারী-পুরুষের অবাধ মেলামেশা বন্ধ হবে এবং পরিবারগুলো হবে অত্যন্ত ব্যক্তিগত ও অন্তর্মুখী। পুরুষের চূড়ান্ত অভিভাবকত্ব এবং সন্তানদের জন্য 'সূরা লোকমান'-এর আদর্শিক শিক্ষা নিশ্চিত করার ফলে প্রতিটি পরিবার একটি শক্তিশালী নৈতিক দুর্গ হিসেবে গড়ে উঠবে, যেখানে পরবর্তী প্রজন্ম সুনির্দিষ্ট ধর্মীয় আদর্শ ও শৃঙ্খলার মধ্য দিয়ে বেড়ে উঠবে।

**আল-আখলাক (মূল্যবোধ):** আল-কোরআন অনুসারে ভালো-মন্দ এবং সঠিক-ভুল সম্পর্কে সঠিক ধারণাকেই ইসলামিক মূল্যবোধ বলে। মূল্যবোধকে ব্যবহার করে ভালোকে মন্দ বা মন্দকে ভালো করা যায়। মুসলমান জাতির আখলাকে পরিবর্তন করার জন্য গণতান্ত্রিক মূল্যবোধকে ব্যবহার করা হয়েছে। এই জন্য মুসলমান জাতি আজ ইসলাম থেকে অনেক দূরে অথচ তারা এক আল্লাহর ইবাদতকারী।

**ইসলামিক আমিরাত বাংলাদেশের মূল্যবোধের নীতিমালা:**

১. সকলে যাতে আল্লাহকে বেশি স্মরণ করে, সেই উদ্দেশ্যে মোবাইলের পরিবর্তে তাসবিহ ব্যবহার শিক্ষা দিবে।
২. বেশি বেশি সালাম দেওয়ার অভ্যাস করাবে।
৩. ডান হাতে খাবার খাওয়া ও ডান হাতে খাবার দেওয়ার অভ্যাস করাবে।
৪. হাঁটুর নিচে কাপড় পরা নিশ্চিত করবে এবং লম্বা-ঢিলা পোশাক পড়ার জন্য উৎসাহ প্রদান করবে।
৫. সকলকে নিচু স্বরে কথা বলার অভ্যাস করাবে, বিশেষ করে নারীদের ক্ষেত্রে।
৬. সকালে ও দুপুরে বেশি খায়, রাতে কম খাওয়ার জন্য উৎসাহ প্রদান করা হবে।
৭. নারী-পুরুষ একসাথে আড্ডা দেওয়া বন্ধ করবে।
৮. জিহাদের জন্য উৎসাহিত করবে।
৯. প্রেম, ব্যভিচার (যিনা), সমকামিতা ও পরকীয়া নিষিদ্ধ করবে।
১০. মদের দোকান, জুয়ার আসর, পতিতালয় বন্ধ করার ব্যবস্থা করবে।

**বাস্তবিক প্রভাব:** এই মূল্যবোধ নীতিগুলো কার্যকর হলে সমাজের নৈতিক ও আত্মিক স্তরে এক আমূল পরিবর্তন আসবে। মোবাইলের পরিবর্তে তাসবিহ ব্যবহারের মাধ্যমে মানুষের অন্তরে আল্লাহর স্মরণ বা যিকর স্থায়ী রূপ নিবে, যা আধুনিক মনস্তাত্ত্বিক অস্থিরতা কমিয়ে আধ্যাত্মিক প্রশান্তি নিশ্চিত করবে। সালাম ও সুন্নতি খাদ্যাভ্যাসের প্রসার সমাজে পারস্পরিক ভ্রাতৃত্ব ও সুশৃঙ্খল জীবনবোধ তৈরি করবে। পোশাকের শালীনতা এবং নারী-পুরুষের অবাধ মেলামেশা বন্ধ হওয়ার ফলে ইভটিজিং ও সামাজিক চারিত্রিক অবক্ষয় নির্মূল হবে। প্রেম, পরকীয়া ও সমকামিতার মতো অনৈতিকতা নিষিদ্ধ হওয়ায় পারিবারিক কাঠামো হবে কলঙ্কমুক্ত ও মজবুত। মাদক ও জুয়ামুক্ত সমাজ গঠনের মাধ্যমে অপরাধের হার সর্বনিম্ন পর্যায়ে নেমে আসবে। সর্বোপরি, জিহাদী চেতনা ও ইসলামিক মূল্যবোধের এই জাগরণ মুসলমানদের হারানো আত্মমর্যাদা ফিরিয়ে আনবে এবং একটি শক্তিশালী ঈমানি সমাজ গঠন করবে, যেখানে প্রতিটি কাজ হবে আল্লাহর সন্তুষ্টির নিমিত্তে।

**ই'লাজ (চিকিৎসা):** মানুষের অসুস্থতার সঠিক কারণ নির্ণয় করে সুস্থতা অর্জনের জন্য যে পদ্ধতি গ্রহণ করা হয় তাকে চিকিৎসা বলে। অসুস্থতা নির্ভর করে স্বাস্থ্যের উপর, আর স্বাস্থ্য নির্ভর করে খাদ্যের উপর। খাদ্যে ভেজাল থাকার কারণে বর্তমান সময়ে মানুষ বেশি অসুস্থ হয়।

**ইসলামিক আমিরাত বাংলাদেশের চিকিৎসা নীতিমালা:**

১. সিজারিয়ান অপারেশন (সিজার) বন্ধ করা হবে। ডাক্তার সিজার করতে চাইলে তার যথাযথ কারণ রাষ্ট্রের কাছে ব্যাখ্যা করতে হবে।
২. সিজার-বিহীন সন্তান জন্মদানের বিশেষ প্রশিক্ষণ দেওয়া হবে, যাতে সকল শিশু নিরাপদভাবে নিজ গৃহে জন্মগ্রহণ করতে পারে।
৩. শিশুদের সকল প্রকার ভ্যাকসিন (টিকা) দেওয়া বন্ধ করা হবে।
৪. নারীদের ক্ষেত্রেও সকল প্রকার ভ্যাকসিন (টিকা) গ্রহণ বন্ধ করা হবে।
৫. অপ্রয়োজনীয় ও ব্যবসায়িক উদ্দেশ্যে রোগ নির্ণায়ক পরীক্ষা দেওয়া নিষিদ্ধ করা হবে।
৬. ওষুধ কোম্পানিরা চিকিৎসকদের সাথে কোনো প্রকার ব্যক্তিগত সাক্ষাৎ বা ব্যবসায়িক চুক্তি করতে পারবে না।
৭. প্রতি বছর কঠোর ল্যাব পরীক্ষার মাধ্যমে ওষুধের মান ও কার্যকারিতা যাচাই করা হবে।
৮. সকল হাসপাতালে রোগ নির্ণায়ক পরীক্ষার মূল্য রাষ্ট্র কর্তৃক নির্ধারণ করা হবে; সরকারি ও আধা-সরকারি হাসপাতালে একই মূল্য বজায় থাকবে।
৯. ওষুধ কোম্পানিদের জন্য রোগীর স্বাস্থ্য নির্দেশনা বা প্রেসক্রিপশন দেখা সম্পূর্ণ নিষিদ্ধ থাকবে।
১০. সরকার কর্তৃক চিকিৎসার সকল সুযোগ-সুবিধা ও স্বাস্থ্যসেবা জনসাধারণের জন্য স্পষ্টভাবে প্রকাশিত থাকবে।
১১. শারীরিক অলসতা ও স্থূলতা রোধে খাদ্য তালিকা থেকে ব্রয়লার মুরগির ব্যবহার কমিয়ে আনা হবে।
১২. খাদ্যে ভেজাল দূর করতে ফরমালিন ও রাসায়নিক সারের ব্যবহার সর্বনিম্ন পর্যায়ে আনা হবে।
১৩. অকেজো, নিম্নমান ও ক্ষতিকর ওষুধ উৎপাদন ও বাজারজাতকরণ সম্পূর্ণ বন্ধ করা হবে।
১৪. দেশীয় ছোট মাছ রক্ষায় পুকুর বা জলাশয়ে ক্ষতিকর সাবান ও রাসায়নিক ব্যবহার কমানো হবে।
১৫. পরিবেশ ও জনস্বাস্থ্য রক্ষায় প্যাকেটজাত খাবার উৎপাদন ও ব্যবহার কমানো হবে।

**বাস্তবিক প্রভাব:** এই চিকিৎসা ব্যবস্থা কার্যকর হলে দেশে একটি প্রাকৃতিক ও বাণিজ্যমুক্ত স্বাস্থ্যসেবা কাঠামো তৈরি হবে। সিজারিয়ান অপারেশন বন্ধের ফলে মায়েরা দীর্ঘমেয়াদী শারীরিক জটিলতা থেকে মুক্তি পাবেন এবং শিশুরা স্বাভাবিক রোগ প্রতিরোধ ক্ষমতা নিয়ে বেড়ে উঠবে। টিকামুক্ত সমাজ গঠনের মাধ্যমে কৃত্রিম রাসায়নিকের পার্শ্বপ্রতিক্রিয়া থেকে পরবর্তী প্রজন্মকে রক্ষা করা সম্ভব হবে। ওষুধ কোম্পানি ও চিকিৎসকদের অনৈতিক যোগসাজশ বন্ধ হওয়ায় চিকিৎসা খরচ সাধারণ মানুষের নাগালের মধ্যে আসবে। খাদ্যে ভেজাল রোধ, ব্রয়লার মুরগি বর্জন এবং প্যাকেটজাত খাবার কমানোর ফলে ক্যান্সার, ডায়াবেটিস ও স্থূলতার মতো আধুনিক রোগব্যাধি উল্লেখযোগ্য হারে হ্রাস পাবে। সর্বোপরি, এই পদ্ধতি আমাদের একটি পরনির্ভরশীল রাষ্ট্র থেকে মুক্ত করে শারীরিক ও মানসিকভাবে শক্তিশালী একটি জাতি হিসেবে গড়ে তুলবে।

**আ-দা-ব (সংস্কৃতি):** মানুষের জীবনের অবসর সময়ের ব্যবহারকে সংস্কৃতি বলে। সংস্কৃতি ঠিক করে জাতি কর্মব্যস্ত সময় শেষ করার পরে কীভাবে অবসর সময় ব্যয় করবে। আমরা সংস্কৃতি থেকে আদব-কায়দা শিক্ষা গ্রহণ করি। যেমন, ইসলামিক সংস্কৃতিতে মাদক খাওয়া বেয়াদবি, অন্যদিকে লালনগীতিতে মাদক খাওয়া এক ধরনের সংস্কৃতি।

**ইসলামিক আমিরাত বাংলাদেশের প্রস্তাবিত সংস্কৃতি নীতিমালা:**

১. সকল প্রকার নির্লজ্জ নাচ, গান, সিনেমা এবং নাটক সম্পূর্ণ নিষিদ্ধ ও বন্ধ ঘোষণা করা হবে।
২. মাদক ও তামাক জাতীয় সকল দ্রব্যের উৎপাদন ও ব্যবহার সম্পূর্ণ বন্ধ করা হবে।
৩. বিনোদন হিসেবে ইসলামিক গজল, সুন্নাহর চর্চা এবং ইসলামের গৌরবময় ইতিহাস প্রচার করা হবে।
৪. আল-কোরআনে বর্ণিত ঐতিহাসিক স্থানসমূহের বিবরণ সংবলিত তথ্যচিত্র বা ভ্রমণ ভিডিও প্রকাশ করা হবে।
৫. সামাজিক বিভিন্ন সমস্যা, তার প্রতিকার এবং ইসলামিক আইনের প্রচারণাকে গুরুত্ব দেওয়া হবে।
৬. আল-কোরআন প্রতিযোগিতা এবং সুন্নাহসম্মত সকল শারীরিক খেলাধুলার ব্যাপক প্রচলন করা হবে।
৭. জুমার প্রস্তুতির জন্য বৃহস্পতিবার অর্ধ-দিবস এবং জুমাবার পূর্ণ দিবস সরকারি ছুটি থাকবে।
৮. মুসলিম সংস্কৃতির অবিচ্ছেদ্য অংশ হিসেবে হজ ও ওমরাহ পালনে বিশেষ উৎসাহ প্রদান করা হবে।
৯. হজ ও ওমরাহ পালনকারীদের জন্য রাষ্ট্রীয় পক্ষ থেকে ৩০ শতাংশ আর্থিক প্রণোদনা দেওয়া হবে।
১০. হিজরি সনকে প্রধান বর্ষপঞ্জি হিসেবে ব্যবহার শুরু করা হবে; পাশাপাশি ঈষায়ী সনও থাকবে।
১১. দৈনিক কার্যক্রম ফজরের ২ থেকে ২.৫ ঘণ্টা পর শুরু হবে এবং আসরের আজানের পূর্বে সমাপ্ত হবে।
১২. আসরের নামাজের পর থেকে সকল প্রকার ব্যবসায়িক কার্যক্রম বন্ধ রাখা হবে।
১৩. শালীনতা বজায় রাখতে গোপন অঙ্গ-প্রত্যঙ্গের সকল পোশাক অত্যন্ত গোপনে বিক্রির ব্যবস্থা করা হবে।
১৪. জুমাবারকে সপ্তাহের পবিত্র ও প্রধান দিন হিসেবে গণ্য করে একে সপ্তাহের প্রথম দিন করা হবে।
১৫. মুসলিম পুরুষদের ঈমানি শক্তিতে প্রস্তুত রাখতে সপ্তাহে এক রাত 'শবগুজারি' বাধ্যতামূলক করা হবে।
১৬. গণমাধ্যম ও বিজ্ঞাপনে নারী ছবিযুক্ত সকল প্রকার উপাদান ব্যবহার নিষিদ্ধ করা হবে।
১৭. দুই হাতে মুসাফাহা ও নম্রভাবে চলাফেরা করাসহ সকল ইসলামি আদব ও কায়দা শিক্ষা দেওয়া হবে।
১৮. ইসলামের শত্রুদের পরিচয়ে কাফেরদের নামের পূর্বে 'কাফের' শব্দ ব্যবহারের রীতি প্রবর্তন করা হবে।

**বাস্তবিক প্রভাব:** এই সংস্কৃতি নীতি বাস্তবায়নের ফলে সমাজে পশ্চিমা ও দাজ্জালি অপসংস্কৃতির মূল উৎপাটন ঘটবে। বিনোদনের নামে অশ্লীলতা ও মাদকাসক্তি বন্ধ হওয়ার ফলে যুবসমাজ চারিত্রিক অবক্ষয় থেকে মুক্তি পাবে। কর্মঘণ্টা পরিবর্তনের ফলে মানুষ পর্যাপ্ত বিশ্রামের সুযোগ পাবে এবং তাদের জীবনযাত্রা হবে সুশৃঙ্খল ও বরকতময়। হিজরি সনের ব্যবহার এবং হজ-ওমরাহতে সরকারি প্রণোদনা মুসলমানদের ধর্মীয় ও আত্মিক বন্ধনকে আরও সুদৃঢ় করবে। জুমাবারকে গুরুত্ব দেওয়ার মাধ্যমে সমাজে একটি ঐক্যবদ্ধ ইসলামিক চেতনার বহিঃপ্রকাশ ঘটবে। এই ব্যবস্থার মাধ্যমে এমন এক প্রজন্ম গড়ে উঠবে, যারা আদব-কায়দায় হবে বিনয়ী, শারীরিক ভাবে হবে শক্তিশালী এবং মানসিকভাবে হবে সম্পূর্ণ শিরকমুক্ত ও ঈমানদার।

**ইত্তি-সাল (যোগাযোগ):** যেকোনো ব্যক্তি বা বস্তুর নির্দিষ্ট স্থানে আসা ও যাওয়াকে যোগাযোগ বলে। নির্দিষ্ট স্থানে আসা-যাওয়ার জন্য প্রয়োজন হয় ঠিকানা বা স্থানের নামের। বর্তমানে স্থানসমূহের অর্থবিহীন নাম বা বস্তুকেন্দ্রিক নামসমূহ বেশি ব্যবহার করা হয়।

**ইসলামিক আমিরাত বাংলাদেশের প্রস্তাবিত যোগাযোগ ও অবকাঠামো নীতিমালা:**

১. সকল স্থান ও প্রতিষ্ঠানের নামসমূহ ইসলাম কেন্দ্রিক অর্থবহ নামকরণ করা হবে।
২. সুন্নাহর অনুসরণে সকল প্রকার যানবাহন এবং সড়কসমূহকে ডানমুখী করা হবে।
৩. যানবাহনে যাতায়াতের সময় মাহরাম ব্যতীত নারী-পুরুষের একসাথে বসা কঠোরভাবে নিষিদ্ধ করা হবে।
৪. পর্দা ও নিরাপত্তার স্বার্থে নারীদের মোটরবাইক ব্যবহার বা এতে আরোহণ করা বন্ধ করা হবে।
৫. নারীরা কোনো প্রকার যানবাহন চালাতে পারবে না।
৬. ব্যক্তিগত যানবাহনের আধিক্য রোধে একটি নিয়ন্ত্রিত 'বাহন নীতিমালা' প্রণয়ন করা হবে।
৭. রাষ্ট্রীয় শুরা সদস্য এবং নিরাপত্তা বাহিনী ব্যতীত সকল সরকারি কর্মকর্তা গণপরিবহন ব্যবহার করবেন।
৮. যানজটমুক্ত চলাচলের লক্ষ্যে মূল সড়কের পাশে কোনো প্রকার বাজার বা দোকান রাখা হবে না।
৯. পণ্য পরিবহনে খরচ কমাতে এবং সহজলভ্যতা নিশ্চিত করতে নদীপথ সংস্কার ও ব্যবহার বৃদ্ধি করা হবে।
১০. প্রাকৃতিক পরিবেশ ও খাদ্যচক্র রক্ষায় ইন্টারনেটের ক্ষতিকর তড়িৎ প্রবাহ কমিয়ে আনা হবে।
১১. ইন্টারনেটের অপব্যবহার রোধে সকল প্রকার নির্লজ্জ ও অনৈসলামিক সংস্কৃতি প্রচার বন্ধ করা হবে।
১২. পরিবেশবান্ধব সমাজ গড়তে দিনের আলো, নদীপথ ও বৃষ্টির পানির সঠিক ব্যবহার নিশ্চিত করা হবে।
১৩. বরকতের উদ্দেশ্যে সকল যানবাহনে 'কালিমা' লিখে রাখা বাধ্যতামূলক করা হবে।
১৪. সকল প্রতিষ্ঠানের প্রবেশ পথে 'মাশা আল্লাহ' লিখা বাধ্যতামূলক করা হবে।
১৫. সড়ক দুর্ঘটনা রোধে চালকদের পর্যাপ্ত বিশ্রাম ও ঘুম নিশ্চিত করার রাষ্ট্রীয় ব্যবস্থা থাকবে।
১৬. জনদুর্ভোগ ও অপচয় কমাতে বারবার রাস্তা খনন বন্ধ করে সব সেবা সংস্থার কাজ একসাথে শেষ করা হবে।

**বাস্তবিক প্রভাব:** এই যোগাযোগ ব্যবস্থা কার্যকর হলে দেশের যাতায়াত ব্যবস্থায় এক নজিরবিহীন শৃঙ্খলা ও পবিত্রতা ফিরে আসবে। সরকারি কর্মকর্তাদের গণপরিবহন ব্যবহারের ফলে জনগণের সাথে তাদের দূরত্ব কমবে এবং রাষ্ট্রীয় সম্পদের অপচয় রোধ হবে। সড়ক থেকে বাজার উচ্ছেদ এবং নদীপথের সংস্কার পণ্যদ্রব্যের দাম কমাতে সরাসরি ভূমিকা রাখবে। যানবাহনে পর্দার বিধান নিশ্চিত হওয়ায় নারীরা ফেতনামুক্ত পরিবেশে যাতায়াত করতে পারবেন। ডিজিটাল রেডিয়েশন কমিয়ে আনার ফলে মানুষ ও প্রকৃতির শারীরিক ও মানসিক স্বাস্থ্য সুরক্ষিত থাকবে। সর্বোপরি, দুর্নীতির মূলোৎপাটন এবং ইসলামী নামকরণের মাধ্যমে পুরো যোগাযোগ ব্যবস্থাটি আল-কোরআনের একটি দৃশ্যমান রূপে রূপান্তরিত হবে, যা দেশের উন্নয়নকে টেকসই ও বরকতময় করবে।

